দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
•••••••••••••••••••
তারপর যদি তারা স্বীকার না করে, তাহলে বলে দাও যে, ‘সাক্ষী থাক আমরা তো অনুগত।
সূরা আল ইমরান ৬৪

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ শনিবার ॥ ১৫ আগস্ট ২০২৬ ॥ ০১ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ০১ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৭২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

‘ভাইয়ের সম্পত্তিতে বোনের উত্তরাধিকার দাবি গ্রহণযোগ্য নয়’

কীর্তনখোলা ডেস্ক
হিন্দু দায়ভাগা (Dayabhaga) আইন অনুযায়ী ভাইয়ের সম্পত্তিতে বোন ‘রিভার্সনার’ বা পরবর্তী উত্তরাধিকারী হিসেবে ২ এর পাতায় দেখুন



‘৬ মাসে সরকারের অধিকাংশ নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়ন হয়েছে’

কীর্তনখোলা ডেস্ক
সরকার গঠনের পর প্রথম ৬ মাসে বিএনপি সরকারের অধিকাংশ নির্বাচনি অঙ্গীকার ও কর্মসূচি বাস্তবায়ন হয়েছে বলে ২ এর পাতায় দেখুন



মানুষ নামাজে এসে বলে গ্যাস নাই, গ্যাস দেন: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক
জনজীবনের নানা সংকট নিয়ে সরকারের সমালোচনা করে সংসদের জরুরি অধিবেশন আহ্বানের দাবি জানিয়েছেন বিরোধীদলীয় ২ এর পাতায় দেখুন

‘নির্বাচিত সরকার আসার পর থেকেই দেশে বাবা-মায়ের দোয়া কমিটি হচ্ছে’

কীর্তনখোলা ডেস্ক
নির্বাচিত সরকার আসার পর থেকেই দেশে বাবা-মায়ের দোয়া কমিটি হচ্ছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় চিফ হুইপ ২ এর পাতায় দেখুন

রাতে ফেরি বন্ধ
জিম্মি বাবুগঞ্জ-হিজলা-মুলাদী ও কাজিরহাটের লক্ষাধিক মানুষ

কীর্তনখোলা রিপোর্ট
মেঘনা-আড়িয়াল খাঁ বেষ্টিত মুলাদী-মীরগঞ্জ রুটে সন্ধ্যা নামলেই নেমে আসে চরম দুর্ভোগ। সন্ধ্যা ৮টার পর ফেরি চলাচল বন্ধ হয়ে যাওয়ায় বরিশাল, ঢাকাসহ দেশের বিভিন্ন প্রান্তে যাতায়াতকারী বাবুগঞ্জ, মুলাদী, হিজলা উপজেলা এবং মেহেন্দীগঞ্জ থানার লক্ষাধিক মানুষকে নদী পারাপারে চরম অনিশ্চয়তায় পড়তে হচ্ছে। জিম্মি দশা ও অতিরিক্ত ভাড়া আদায়ের সিন্ডিকেটের কাছে নিঃস্ব হচ্ছেন সাধারণ যাত্রী, পরীক্ষার্থী ও মুমূর্ষু রোগীরা। স্থানীয়দের অভিযোগ, নির্দিষ্ট সময়ের পর ঘাটে সাধারণ ফেরি ও ট্রলার বন্ধ হলেও পর্দা আড়ালে শুরু হয় ‘রিজার্ভ পারাপারের’ নামে প্রকাশ্য চাঁদাবাজি। নদী পার হওয়ার আর কোনো বিকল্প না থাকায় বাধ্য হয়ে সাধারণ মানুষকে মোটা অঙ্কের টাকা গুনে ট্রলারে ঝুঁকি নিয়ে নদী পার হতে হচ্ছে। সবচেয়ে করুণ অবস্থায় পড়েন বরিশাল নগরীতে চিকিৎসা নিতে আসা অসুস্থ রোগী ও তাদের স্বজনেরা। ডাক্তার দেখানো কিংবা পরীক্ষা-নিরীক্ষা শেষ করে রাত ৯টার দিকে মীরগঞ্জ ঘাটে পৌঁছালে দেখা যায় পারাপারের কোনো উপায় নেই। জরুরি চিকিৎসার জন্য আসা অ্যাম্বুলেন্স, বৃদ্ধ ও মালামাল বহনকারী যাত্রীরা ঘাটে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে বাধ্য হন।

ভুক্তভোগী বাসিন্দা রানা ক্ষোভ প্রকাশ করে জানান, সন্ধ্যা ৮টা বাজার পরপরই ঘাটে কৃত্রিম সংকট তৈরি করা হয়। বাধ্য হয়ে অতিরিক্ত টাকা দিয়ে ট্রলারে যাতায়াত করতে হয়, যা সাধারণ মানুষের পকেটে বড় ধরনের কোপ মারছে। অপর বাসিন্দা রহমান বলেন, জরুরি প্রয়োজনে বা কোনো রোগী নিয়ে রাতে ঘাটে এলে এক করুণ অবস্থার সৃষ্টি হয়। রিজার্ভের নামে নির্ধারিত ভাড়ার চেয়ে কয়েক গুণ বেশি টাকা আদায় করা হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো নজরদারি নেই। বিষয়টি জেলা প্রশাসনের নজরে আনা হয়েছে বলে জানান মুলাদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ২ এর পাতায় দেখুন

এনডিটিভি
আগামী সপ্তাহে ভারত যেতে পারেন প্রধানমন্ত্রী তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক
আগামী সপ্তাহে প্রধানমন্ত্রী তারেক রহমান ভারত সফরে যেতে পারেন বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি। শুক্রবার (১৪ আগস্ট) প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, তাদের ঢাকা ও দিল্লির সূত্র নিশ্চিত করেছে আগামী সপ্তাহের শেষ দিকে তারেক রহমান ভারত সফর করতে পারেন। তার এ সফরটি দু’দিনের হবে উল্লেখ করে এনডিটিভি বলেছে, ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সংবাদমাধ্যমটির প্রতিবেদনে আরও বলা হয়েছে, দুই দেশেই তারেক রহমানের সফর নিয়ে কাজ চলছে। যদি শেষ পর্যন্ত তিনি ভারতে যান তাহলে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটি তার প্রথম নয়াদিল্লি সফর হবে। একই সঙ্গে সফরটি দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে একটি ঐতিহাসিক মূহূর্ত হিসেবে প্রমাণিত হবে। এনডিটিভি ২ এর পাতায় দেখুন

প্রবাসীর বাড়িতে ডাকাতি
স্ত্রীর সম্মান বাঁচাতে লড়াই করে গুলিবিদ্ধ স্বামী, আহত আরো দুই

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় মালয়েশিয়া প্রবাসীর বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। এ সময় পরিবারের সদস্যদের হাত-পা বেঁধে মারধর এবং দুই বছরের শিশুর মাথায় পিস্তল ঠেকিয়ে প্রায় ২৫ ভরি স্বর্ণালংকারসহ নগদ টাকা লুট করার অভিযোগ উঠেছে। এ ঘটনায় গুলিবিদ্ধসহ তিনজন আহত হয়েছেন। শুক্রবার (১৪ আগস্ট) ভোররাত আড়াইটা থেকে ৩টার দিকে উপজেলার টিয়াখালী ইউনিয়নের পশ্চিম বাদুরতলী গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা হলেন, প্রবাসী মাহিনের ছেলে নাইম (২২), স্ত্রী রুমা বেগম (৪০) এবং পুত্রবধূ রেজবি (১৮)। এর মধ্যে নাইমের হাঁটুর ওপর গুলি লেগেছে বলে পরিবার সূত্রে জানা গেছে। প্রবাসীর স্ত্রী রুমা বেগম জানান, তার স্বামী বর্তমানে মালয়েশিয়ায় ২ এর পাতায় দেখুন

হাসিনার উদ্দেশে সোহেল তাজ
বাংলাদেশের মানুষ আপনার জন্য অপেক্ষা করছে, আসেন

কীর্তনখোলা ডেস্ক
২০২৪ সালে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে ভারতে পালিয়ে থাকা শেখ হাসিনাকে দেশে ফিরে বিচারের মুখোমুখি হওয়ার আহ্বান জানিয়েছেন তৎকালীন সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ। শুক্রবার (১৪ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে দেওয়া এক ভিডিও বার্তায় তিনি এ আহ্বান জানান। ভিডিওটির ক্যাপশনে সোহেল তাজ লেখেন, ‘প্রিয় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, দয়া করে ফিরে আসুন। বাংলাদেশের জনগণ আপনার জন্য অপেক্ষা করছে।’ ভিডিও বার্তাটি ২ এর পাতায় দেখুন

গণভোটের রায় উপেক্ষা করে স্বৈরাচারি পদ্ধতিতে দেশ চালাচ্ছে সরকার
—— জামায়াত নেতা মুজিবুর রহমান

কীর্তনখোলা রিপোর্ট
জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, বর্তমান সরকার গণভোটে জনগণের রায়কে উপেক্ষা করে স্বৈরাচারি পদ্ধতিতে দেশ পরিচালনা করছে। শুক্রবার সকালে বরিশাল জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মহানগরীর রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অধ্যাপক মুজিবুর রহমান বলেন, এভাবে যদি জনগণের মতামতকে উপেক্ষা করা হয়- জনগণের প্রতিনিধি হিসেবে জামায়াতে ইসলামী তার সকল নেতাকর্মী নিয়ে গণআন্দোলন গড়ে তুলবে। জামায়াতের এই নেতা বলেন, সরকার জনগণের মৌলিক চাহিদা পুরণে ব্যর্থ, তাই জনগণ দিন দিন ক্ষুদ্ধ হয়ে উঠছে। সরকারের সমালোচনা করে তিনি বলেন, জামায়াতের নেতাকর্মীদের কাজ করতে দিচ্ছেনা, বিরোধী দলীয় সংসদ সদস্যেদের এলাকার উন্নয়নমুলক কাজ থেকে বিরত রাখা হচ্ছে। বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন করে অসংখ্য মানুষের জীবন দানের পরেও সরকার বৈষম্য নিরসন না করে বৈষম্য বৃদ্ধি করছে বলেও মন্তব্য করেন তিনি। জামায়াতের নায়েবে আমির অভিযোগ করে বলেন, মেধার পরিবর্তে আবার নতুন পদ্ধতি তৈরি ২ এর পাতায় দেখুন

খালেদা জিয়ার জন্মদিন
আজ সারাদেশে বিএনপির দোয়া-মিলাদ

কীর্তনখোলা ডেস্ক
প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জন্মদিনে উপলক্ষ্যে শনিবার সারাদেশে দোয়া ও মিলাদ মাহফিল করবে বিএনপি। দলের অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর পক্ষ থেকেও এ কর্মসূচি পালন করা হবে। শুক্রবার (১৪ আগস্ট) সকালে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানানো হয়। এতে বলা হয়, শনিবার ১৫ আগস্ট সারাদেশের দলীয় কার্যালয় অথবা মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। ঢাকায় বেলা ১১টায় নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। দলের অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর পক্ষ থেকেও এ কর্মসূচি পালন আহ্বান জানানো হয়েছে। ১৯৪৬ সালের ২ এর পাতায় দেখুন

নগরীতে পুলিশের সাঁড়াশি অভিযান, গ্রেফতার ১৮

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর কেডিসি বস্তি, স্টেডিয়াম কলোনি ও আশপাশের এলাকায় মাদক ব্যবসায়ী, সন্ত্রাসী ও সন্দেহভাজন অপরাধীদের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান চালিয়েছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। শুক্রবার (১৪ আগস্ট) ভোর ৫টা ৪৫ মিনিট থেকে প্রায় তিন ঘণ্টাব্যাপী এ অভিযান পরিচালনা করা হয়। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার ২ এর পাতায় দেখুন

লোডশেডিংয়ের প্রতিবাদে নগরীতে হ্যারিকেন মিছিল

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে অতিরিক্ত লোডশেডিং ও জনদুর্ভোগের প্রতিবাদে পৃথক হ্যারিকেন মিছিল, বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে জাতীয় ছাত্রশক্তি জেলা ও মহানগর শাখা। শুক্রবার জুমার নামাজের পর বরিশাল কেন্দ্রীয় জামে কসাই মসজিদের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে নগরীর গুরুত্বপূর্ণ সড়ক ঘুরে টাউন হলের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে মানববন্ধন করেন নেতাকর্মীরা। এদিকে অতিরিক্ত লোডশেডিংয়ের প্রতিবাদে একই দাবিতে শুক্রবার বিকাল ৪টায় নগরীর কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে সদর রোডে ২ এর পাতায় দেখুন

সীতাকুণ্ডে শিপইয়ার্ডে বিষাক্ত গ্যাসে মৃতের সংখ্যা বেড়ে ৯

কীর্তনখোলা ডেস্ক
চট্টগ্রামের সীতাকুণ্ডে ফেরদৌস স্টিল শিপ ব্রেকিং ইয়ার্ডে বিষাক্ত গ্যাস ছড়িয়ে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ৯ জনে দাঁড়িয়েছে। এ ঘটনায় অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরও কয়েকজন। চট্টগ্রাম জেলার অতিরিক্ত পুলিশ সুপার (বিশেষ শাখা) জুনায়েত কাউছার বলেন, দুর্ঘটনায় এ পর্যন্ত মোট ৯ জন মারা গেছেন। এর আগে শুক্রবার সকাল ১০টার দিকে ইয়ার্ডে একটি স্ক্র্যাপ জাহাজে হাউসকিপিংয়ের কাজ করার সময় এ দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, শ্রমিকরা ইয়ার্ডে কাজ করার সময় হঠাৎ বিষাক্ত ২ এর পাতায় দেখুন

ফুটবল খেলতে গিয়ে বল পেটে লেগে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় ফুটবল খেলার সময় পেটে বলের আঘাত লেগে মো. আবু সাইদ (২০) নামে এক মাদ্রাসাছাত্রের মৃত্যু হয়েছে। শুক্রবার (১৪ আগস্ট) সকাল আনুমানিক ১১টার দিকে উপজেলার ভেগাই হালদার পাবলিক একাডেমি স্কুল মাঠে এ ঘটনা ঘটে। নিহত আবু সাইদ পটুয়াখালী জেলার রাঙ্গাবালী থানার মনিপাড়া গ্রামের মো. জাকির গাজীর ছেলে। তিনি আগৈলঝাড়ার ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে সড়ক সংস্কার পরিদর্শনে প্রতিমন্ত্রী রাজীব আহসান

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেহেন্দিগঞ্জে চলাচলের অনুপযোগী প্রায় তিন কিলোমিটার সড়ক ইট ও বালু দিয়ে সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। শুক্রবার বিকেলে উপজেলার আলিমাবাদ ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের নন্দপুরা গ্রামের ওই সড়কের মেরামতকাজ সরেজমিনে পরিদর্শন করেছেন স্থানীয় সংসদ সদস্য ও নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান। স্থানীয় যুবদল নেতা সাদ্দাম হোসেনের উদ্যোগে সড়কটির মেরামতকাজ চলছে। শুক্রবার বিকেল সাড়ে ৫টার দিকে প্রতিমন্ত্রী সেখানে গিয়ে কাজের অগ্রগতি দেখেন এবং স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। স্থানীয় বাসিন্দারা জানান, দীর্ঘদিন ধরে সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে থাকায় তাঁদের দুর্ভোগ পোহাতে হচ্ছিল। বিশেষ করে বর্ষা মৌসুমে যানবাহন চলাচল ব্যাহত হয়। ইট ও বালু ফেলে সড়কটি সংস্কারের উদ্যোগ নেওয়ায় আপাতত তাঁদের চলাচলের দুর্ভোগ কমবে বলে আশা করছেন তাঁরা। এ সময় স্থানীয় সংসদ সদস্য ও নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান সড়কটি দ্রুত পাকা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আলোচনাই এগোনোর পথ

বাংলাদেশ ও ভারতের মধ্যকার সম্পর্ক বহুমাত্রিক ভূভৌগোলিক, ঐতিহাসিক, রাজনৈতিক, সাংস্কৃতিক পরিমণ্ডলসহ নানা শাখায় বিস্তৃত। দুই দেশের মানুষের মধ্যেও রয়েছে শিকড়ের বন্ধন। তার পরও নানা সময় দ্বিপক্ষীয় সম্পর্কে সংকট দেখা দিয়েছে। আশার কথা হলো, অতীতে সেসব সংকট কাটিয়ে উঠে উভয় দেশ ঠিকই সম্পর্কের দৃঢ় পাটাতন রচনা করেছে। তবে বিগত আওয়ামী লীগ সরকারের পতনের পর যে টানাপোড়েন দেখা দিয়েছে তা এখন বড় বাস্তবতা হয়ে দাঁড়িয়েছে। তথাপি দুই দেশের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে দফায় দফায় বৈঠক হয়েছে, যা অত্যন্ত ইতিবাচক হিসেবে দেখার সুযোগ রয়েছে। সর্বশেষ গত সোমবার প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাতের পর ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী বলেছেন, 'খুবই ভালো আলোচনা হয়েছে।' বিশেষজ্ঞ মহলের অভিমত, এই ইতিবাচক আবহ কাজে লাগিয়ে সমঝোতার ভিত্তিতে দ্বিপক্ষীয় সম্পর্ক এগিয়ে নিতে হবে। প্রকাশিত খবরে জানা যায়, ঢাকার পক্ষ থেকে বেশ কিছু বিষয়ে জোর দেওয়া হয়েছে। একটি হলো মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাংলাদেশে প্রত্যর্পণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। দ্বিতীয়ত, ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ শরিফ ওসমান হাদি হত্যা মামলার আসামিদের ফিরিয়ে দিতে হবে। এ ছাড়া ঢাকা পক্ষ থেকে দুই দেশের সম্পর্ক এগিয়ে নিতে 'সহায়ক পরিবেশ' (এনাবলিং এনভায়রনমেন্ট) তৈরির তাগিদ দেওয়া হয়েছে। আমরা মনে করি এসব বিষয় সময়োপযোগী ও অত্যন্ত যৌক্তিক। অন্তর্বর্তী সরকারের আমলে ভারত আশা প্রকাশ করেছে, বাংলাদেশে নির্বাচিত সরকার এলে সম্পর্ক স্বাভাবিক হবে। চলতি বছর ফেব্রুয়ারি মাসে নির্বাচনের পর দিয়ে বিএনপি সরকার গঠন করে। ভারত প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছে। এরপর দুই দেশের কর্মকর্তাদের মধ্যে নানা পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এমন পরিস্থিতিতে গত ৫ আগস্ট দিল্লিতে সংবাদ সম্মেলন করে বক্তব্য দেন শেখ হাসিনা এতে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ। অন্যদিকে এ নিয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, একটি বেসরকারি সংবাদমাধ্যমের আয়োজিত ওই অনুষ্ঠানে ভারত সরকারের কোনো ভূমিকা ছিল না এবং সেখানে দেওয়া কোনো বক্তব্যকে, বিশেষ করে বাংলাদেশের নির্বাচিত সরকার নিয়ে করা মন্তব্যগুলোকে তারা সমর্থন করে না। আগামী সেপ্টেম্বরে নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগদানের আমন্ত্রণসহ প্রধানমন্ত্রী তারেক রহমানকে সফরের আমন্ত্রণ জানিয়েছে ভারত। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, প্রধানমন্ত্রীর ভারত সফরের বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। তবে মূলনীতিটি মনে রাখা জরুরি; জাতীয় স্বার্থকে এগিয়ে নেওয়ার সুযোগ থাকলে সরাসরি রাজনৈতিক যোগাযোগের এই সুযোগগুলো কাজে লাগানো উচিত। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ যথার্থই বলেছেন, 'ভৌগোলিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটসহ নানা দিক থেকে বাংলাদেশ ও ভারত একে অপরের ওপর নির্ভরশীল। অতীতকে পেছনে ফেলে দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের সুদৃঢ় করতে একটি নতুন সূচনা বা ফ্রেশ স্টার্ট জরুরি।' আমরাও মনে করি, দুই দেশের মধ্যে মত পার্থক্য থাকবে, নানা বিষয়ে সংকটও স্বাভাবিক হবে। কিন্তু সুরাহার একমাত্র পথ হতে পারে আলোচনা। পারস্পরিক সমতা ও মর্যাদার ভিত্তিতে যেকোনো বড় সংকট সমাধান করা যায়। তাই দুই দেশের মধ্যে আলোচনার যে সুপথ তৈরি হয়েছে, তা আরো নিয়মিত হোক। উভয় পক্ষের মনে রাখা জরুরি, সংলাপই সংকট সমাধানের মূল চাবিকাঠি।

লোডশেডিংয়ের প্রতিবাদে

'হ্যারিকেন মিছিল' কর্মসূচি পালন করেন মহানগর শাখার নেতাকর্মীরা। দুই কর্মসূচির বক্তারা প্রায় একই সুরে বলেন, অতিরিক্ত লোডশেডিংয়ে নগরবাসীর স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। এর সঙ্গে রয়েছে ভুতুড়ে বিদ্যুৎ বিল ও গ্যাস সংকট। রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোকে বেসরকারি সিন্ডিকেটের হাতে তুলে দেওয়ার কারণেও জনদুর্ভোগ বাড়ছে বলে অভিযোগ করেন তারা। বক্তারা আরও বলেন, বিদ্যুৎ, জ্বালানি ও গ্যাসের মতো অতিপ্রয়োজনীয় খাত বেসরকারি সিন্ডিকেটের হাতে না দিয়ে সরকারের সরাসরি ও সঠিক ব্যবস্থাপনায় পরিচালনা করতে হবে। একই সঙ্গে জনদুর্ভোগ কমাতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার দাবি জানান তারা। এ সময় বক্তারা অভিযোগ করেন, অতীতে বিভিন্ন ইস্যুতে আন্দোলন হলেও সেগুলোর অনেকটাই ছিল 'আর্টিফিশিয়াল'। বর্তমানে একই ধরনের জনদুর্ভোগ চললেও বিএনপির পক্ষ থেকে কার্যকর কোনো আন্দোলন বা প্রতিবাদ দেখা যাচ্ছে না। বিক্ষোভ মিছিল ও মানববন্ধনে উপস্থিত ছিলেন- এনসিপি বরিশাল জেলার আহ্বায়ক আবু সাঈদ মুসা, জাতীয় ছাত্রশক্তি বরিশাল জেলার আহ্বায়ক কাজী মো. আবু যাঈদ (কাজী), সিনিয়র যুগ্ম আহ্বায়ক সায়েম ইবনে আলম, সিনিয়র যুগ্ম সদস্য সচিব সিরাজুল ইসলাম, সংগঠক সালমান হাওলাদার, জুনায়েদ হোসেন ছাদ, হাসিবুল ইসলাম শান্ত, সাওম সরদার, হাফেজ শফিউল্লাহ, মো. রেফায়েত, মো. আদনানসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

নগরীতে পুলিশের সাঁড়াশি

(দক্ষিণ) সুশান্ত সরকার পিপিএমের নেতৃত্বে বিএমপি দক্ষিণ বিভাগ, গোয়েন্দা বিভাগ ও সদর গ্রেফতার বিভাগের সমন্বয়ে গঠিত বিশেষ আভিযানিক টিম এ অভিযান পরিচালনা করে। অভিযান চলাকালে স্থানীয় জনগণ স্বতঃস্ফূর্তভাবে পুলিশকে বিভিন্ন তথ্য দিয়ে সহযোগিতা করেন বলে জানিয়েছে পুলিশ। এদিকে, বরিশাল মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে গত ২৪ ঘণ্টায় বিএমপির চারটি থানা ও গোয়েন্দা শাখা পৃথক অভিযান পরিচালনা করেছে। পুলিশের বিশেষ আভিযানিক টিম নগরীর বিভিন্ন স্থান থেকে গ্রেফতারি পরোয়ানাভুক্ত ৭ জন, নিয়মিত মামলাসহ পূর্বের মামলায় ৫ জন এবং বরিশাল মহানগর অধ্যাদেশে ৬ জনকে গ্রেফতার করেছে। সব মিলিয়ে গত ২৪ ঘণ্টায় মোট ১৮ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে বিএমপি। বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার আবু রায়হান মোহাম্মদ সালেহ জানিয়েছেন, বরিশাল মহানগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, মাদক ও অপরাধ নিয়ন্ত্রণ এবং চিহ্নিত অপরাধীদের বিরুদ্ধে বিএমপির এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

আজ সারাদেশে বিএনপির

১৫ আগস্ট জন্মগ্রহণ করেন সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। গত বছরের ৩০ ডিসেম্বর তিনি মারা যান। বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তিনি তিনবার প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি বিএনপির চেয়ারপারসনের দায়িত্বে ছিলেন। বর্তমানে বিএনপির নেতৃত্ব দিচ্ছেন তার বড় ছেলে তারেক রহমান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ম্যান্ডেট নিয়ে তিনি প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করছেন।

স্ত্রীর সম্মান বাঁচাতে সঙ্গে লড়াই করে

অবস্থান করছেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) রাতে পরিবারের সদস্যরা খাবার খেয়ে ঘুমিয়ে পড়েন। ভোররাত আড়াইটা থেকে তিনটার দিকে ৫-৬ জনের একটি ডাকাতদল বাড়ির দক্ষিণ পাশের জানালার গ্রিল কেটে ঘরে প্রবেশ করে। এ সময় বাইরে আরও কয়েকজন ডাকাত অবস্থান করছিল। তিনি বলেন, ঘরে ঢুকেই ডাকাতরা পরিবারের সদস্যদের হাত-পা বেঁধে মারধর শুরু করে। এক পর্যায়ে তার পুত্রবধূ রেজবিকে ধর্ষণের চেষ্টা করা হয়। এতে ছেলে নাইম বাধা দিলে ডাকাতরা তার হাঁটুর ওপর গুলি করে। পরে দুই বছরের শিশু তাসফির মাথায় পিস্তল ঠেকিয়ে ভয় দেখিয়ে পরিবারের কাছ থেকে ২৫ ভরি স্বর্ণালংকার, প্রায় দুই লাখ টাকা ও একটি আইফোন নিয়ে যায়। ডাকাতরা চলে যাওয়ার পর পরিবারের সদস্যদের চিৎকারে স্থানীয়রা এগিয়ে এসে তাদের উদ্ধার করেন। পরে আহতদের কলাপাড়া হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) পাঠান। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। ডাকাতদের শনাক্ত ও গ্রেফতারের চেষ্টা চলছে।

জিম্মি বাবুগঞ্জ হিজলা-মুলাদী ও

মো. গোলাম সরওয়ার। তিনি বলেন, গত ১৯ জুলাই অনুষ্ঠিত বরিশাল জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় হিজলা-মুলাদী ও কাজিরহাটের লক্ষাধিক মানুষের দুর্ভোগের কথা তুলে ধরা হয়। তখন বরিশালের জেলা প্রশাসক সড়ক ও জনপথ (সওজ) বিভাগকে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। সওজ-এর নির্বাহী প্রকৌশলী পরবর্তী দুই দিনের মধ্যে রাত ১০টা পর্যন্ত অন্তত অতিরিক্ত একটি ফেরির ট্রিপ চালুর আশ্বাস দিয়েছিলেন। কিন্তু তা কেন এখনো বাস্তবায়ন হয়নি তা বোধগম্য নয়। বিষয়টি আগামী ১৬ আগস্ট অনুষ্ঠিতব্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পুনরায় উত্থাপন করা হবে বলে জানান তিনি। এদিকে মীরগঞ্জ প্রান্তের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা। তিনি বলেন, ঘাটে অতিরিক্ত ভাড়া আদায় কিংবা যাত্রী হয়রানির কোনো অভিযোগ পেলে তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। জনদুর্ভোগ নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়ার বিষয়ে সড়ক ও জনপথ (সওজ) বিভাগ, বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম জানান, রাতের ট্রিপ বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় কারিগরি ও লোকবলের বিষয়টি পর্যালোচনা করা হচ্ছে। দ্রুত সময়ের মধ্যে রাত ১০টা পর্যন্ত ফেরি চলাচল স্বাভাবিক করার পাশাপাশি যাত্রী হয়রানি বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। তাদের দাবি, রাত ১০টা পর্যন্ত নিয়মিত ফেরির ট্রিপ চালু করার পাশাপাশি অসাধু সিন্ডিকেটের বিরুদ্ধে দ্রুত কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হোক।

আগামী সপ্তাহে ভারত যেতে

জানিয়েছে, পরিকল্পনা অনুযায়ী যদি তারেক রহমান ও নরেন্দ্র মোদির বৈঠক হয় তাহলে তারা বাণিজ্য, দুই দেশের সংযোগ, জ্বালানি, সীমান্ত ব্যবস্থাপনা এবং আঞ্চলিক নিরাপত্তা নিয়ে কথা বলবেন। বিষয়টির সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, তারেক রহমানের দুইদিনের সফরটি একটি 'দ্বিপাক্ষিক আলোচনা' হিসেবে পরিকল্পনা করা হচ্ছে। যদিও সফরের বিস্তারিত নিয়ে এখনো কাজ চলছে। গত ফেব্রুয়ারির নির্বাচনের পর ভারত প্রধানমন্ত্রী তারেক রহমানকে নয়াদিল্লি সফরের আমন্ত্রণ জানায়। এছাড়া আগামী সেপ্টেম্বরে ব্রিকস সম্মেলনে যোগ দিতেও তাকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে এনডিটিভির প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান গত সপ্তাহে জানিয়েছিলেন, ব্রিকস সম্মেলনে তারেক রহমানকে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বদলে বিমসটেকের চেয়ারম্যান হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে।

নির্বাচিত সরকার আসার পর

ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার (১৪ আগস্ট) রাজধানীর যাত্রাবাড়ীতে এনসিপির গণসমাবেশে তিনি এ কথা বলেন। গণসমাবেশে নির্বাচিত সরকার আসার পর থেকেই দেশে আইনশৃঙ্খলা খারাপ হয়েছে বলে অভিযোগ করেন এনসিপির আহ্বায়ক। তিনি বলেন, দুর্নীতি বেড়েছে। বাবা-মায়ের দোয়া কমিটি হচ্ছে। সরকারের অব্যবস্থার কারণে তেলের দাম বৃদ্ধি পাচ্ছে। গণভোটে হ্যাঁ ভোট দেওয়ার পরও রায় বাস্তবায়ন করেনি তারা। জনগণের সঙ্গে প্রতারণা করেছে। আমরা এই সরকারকে বিশ্বাসঘাতক বলতে পারি। দায়িত্ব নেওয়ার ৫ মাসের মধ্যে বর্তমান বিএনপি সরকার লোডশেডিংয়ের ইতিহাস ভেঙেছে, দেশে পর্যাপ্ত বিদ্যুৎ ও গ্যাসের সরবরাহ নেই বলেও মন্তব্য করেন নাহিদ। তিনি বলেন, দেশের মানুষ তীব্র জ্বালানি সংকটে ভুগছে। সেজন্য সরকারের লুটপাট-দুর্নীতির এসব দায়ী। দেশে এসে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছিলেন, 'আই হ্যাভ এ প্ল্যান।' সেটা ৫ মাসে পুরো বাংলাদেশ দেখে ফেলেছে। এই সরকার জনগণ নয়, ব্যবসায়ী-মাফিয়াদের সরকার বলে মন্তব্য করেন নাহিদ আরও বলেন, যাদের টাকা নিয়ে নির্বাচন করেছিল, তাদের হাতে দেশ তুলে দিচ্ছে। যারা নির্বাচনে হেরেছে, তাদের প্রশাসক বানিয়েছে। সকল জায়গায় দলীয়করণ শুরু করেছে। ইউএনওদের সারা দেশে মারধর করছে। তাদের চাপ দিচ্ছে। জনগণ এই সরকারকে লাল কার্ড দেখিয়ে দেবে। আগামী দিনে আন্দোলন আসছে।

মানুষ নামাজে এসে বলে

নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, মানুষ নামাজ পড়তে এসে তার কাছে গ্যাস ও পানি চাইছেন। একই সঙ্গে বিদ্যুৎ, জ্বালানি, আইনশৃঙ্খলা, দ্রব্যমূল্য, চাঁদাবাজি ও দুর্নীতি নিয়েও উদ্বেগ জানিয়েছেন তিনি। শুক্রবার (১৪ আগস্ট) নিজ নির্বাচনী এলাকা রাজধানীর মিরপুরের পীরেরবাগে জুমার নামাজ আদায় করেন জামায়াত আমির। নামাজ শেষে শিশু-কিশোরসহ স্থানীয়দের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন তিনি। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। ডা. শফিকুর রহমান বলেন, 'নামাজে আসলে মানুষ আমাকে বলতেছে গ্যাস দেন, গ্যাস নাই; পানি দেন, পানি নাই। বিদ্যুৎ অবশ্য এখানে শহর হওয়ার কারণে কিছুটা ভালো। কিন্তু গ্রামে তো মানুষ একেবারে মরে যাওয়ার উপক্রম হয়ে যাচ্ছে।' জনগণের চলমান সংকট নিয়ে সংসদে অর্থবহ আলোচনা হওয়া প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। এ বিষয়ে সংসদের ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে কথা বলেছেন বলেও জানান জামায়াত আমির। এ প্রসঙ্গে ডা. শফিকুর রহমান বলেন, 'আসলে বিরোধী দল সফল হয় না। সফল হয় সরকার। সরকারকে ভালো কাজে সহযোগিতা করার দায়িত্ব হলো বিরোধী দলের। সরকার যদি উদ্যোগ নেয়, অবশ্যই আমরা সহযোগিতা করব।' বিরোধীদলীয় নেতা বলেন, 'সরকারের সব উদ্যোগ খারাপ, এটা আমরা বলব না। কিন্তু জনজীবনের যে সাফারিংগুলো এটা আসলেই অতিষ্ঠ। এগুলা নিয়ে সংসদে অর্থবহ আলোচনা করা উচিত। জুমায় আসার আগেই ভারপ্রাপ্ত স্পিকার যিনি আছেন তাকে ফোন করে বলেছি, সংসদের অধিবেশন জরুরিভাবে ডাকেন।' তবে সরকারের বিভিন্ন কর্মকাণ্ডের সমালোচনা করে তিনি বলেন, 'এখন দেশে যে সংকটগুলা চলতেছে জ্বালানি গ্যাস, তারপরে বিদ্যুৎ, পানি, আইনশৃঙ্খলার অবনতি, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি এবং চুরি, ছিনতাই চতুর্দিকে শুরু হয়েছে; চাঁদাবাজি ঘাটে ঘাটে, বিভিন্ন মাত্রার দুর্নীতি। সরকারের লোকেরাই স্বীকার করছেন যে, দুর্নীতি বেড়েছে কমেনি।' নির্বাচনের পর সবকিছু ঠিক হয়ে যাবে- বিএনপি নেতাদের এমন বক্তব্যের প্রসঙ্গ টেনে জামায়াত আমির বলেন, 'এখন ছয় মাসে কমবে তো কিছু, বাড়ে কেন? এর আগে উনারা বলতেন আমরা বলি নাই। উনারা বলতেন যে নির্বাচন হয়ে গেলে সবকিছু ঠিক হয়ে যাবে। তো নির্বাচন তো হয়ে গেল। ছয় মাসও চলে গেল। এখন ঠিক না হয়ে বেঠিকটা বাড়তেছে কেন?' সরকার চাঁদাবাজি ও দুর্নীতি কমাতে পারেনি, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে পারেনি এবং জনগণের গ্যাসের সংকটও দূর করতে পারেনি বলে অভিযোগ করেন তিনি। তার মতে, 'কিছু ভালো কাজ যদি হয়েও থাকে কিন্তু জনজীবনের এই সাফারিংগুলার নিচে এগুলা সব চাপা পড়ে যাচ্ছে।'

৬ মাসে সরকারের অধিকাংশ

মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, কোথাও ১০০ শতাংশ, আবার কোথাও ৯০ থেকে ৯৫ শতাংশ পর্যন্ত লক্ষ্য পূরণ হয়েছে। শুক্রবার (১৪ আগস্ট) বিকেলে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী। সরকারের ছয় মাসের অর্জনের বিস্তারিত পরিসংখ্যান শিগগির প্রকাশ করা হবে বলেও জানান রিজভী। তিনি বলেন, সরকারের ছয় মাসের অর্জনের লিখিত বিবরণ বা বুকলেট সাংবাদিকদের হাতে দেওয়া হবে। সেখানে পরিবার কার্ড, কৃষক কার্ড, খাল খননসহ বিভিন্ন কর্মসূচির বিস্তারিত পরিসংখ্যান থাকবে। রিজভী বলেন, ছয় মাসের যে লক্ষ্য, সে লক্ষ্য অনুযায়ী মোটামুটি সবগুলোই পূরণ হয়েছে। কোথাও হয়তো ১০০ শতাংশ না হলেও সেখানে ৯৫ শতাংশ, ৯০ শতাংশ আছে। কোথাও ১০০ শতাংশ হয়েছে। কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কাঠামো ও প্রশাসনিক প্রস্তুতি নিতে সময় লেগেছে। পরবর্তী ছয় মাসে সরকারের কর্মসূচি আরও জোরালো ও দ্রুতগতিতে বাস্তবায়ন হবে বলেও প্রত্যাশা রিজভীর। দলের মহাসচিবের রাষ্ট্রপতি পদে মনোনয়ন পাওয়ার পর পদত্যাগের বিষয়ে করা প্রশ্নের জবাবে রিজভী বলেন, আইনগতভাবে শপথ নেওয়ার আগে দলীয় পদ বা সরকারের অন্য কোনো পদ থেকে পদত্যাগ করার বাধ্যবাধকতা নেই। তবে, নৈতিক কারণে দলের মহাসচিব পদ থেকে পদত্যাগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংবাদ সম্মেলনের শুরুতে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রাজনৈতিক জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন রিজভী। তিনি বলেন, স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র প্রতিষ্ঠার অঙ্গীকার থেকে খালেদা জিয়া কখনো বিচ্যুত হননি। এ কারণে তাকে রাজনৈতিক জীবনে দুঃখ, বেদনা, নিপীড়ন ও নির্যাতন সহ্য করতে হয়েছে। এরশাদবিরোধী আন্দোলনে খালেদা জিয়ার ভূমিকার কথা তুলে ধরে রিজভী বলেন, ছাত্র-জনতার সেই আন্দোলনের মূর্ত প্রতীক, মূল প্রেরণা ছিলেন বেগম খালেদা জিয়া। খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষে শনিবার ঢাকাসহ সারাদেশে বিএনপির দলীয় কার্যালয়ে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হবে। নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে বেলা ১১টায় এবং গুলশান কার্যালয়ে বাদ আসর দোয়া অনুষ্ঠিত হবে বলে জানান তিনি। ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছিরের একটি ফেসবুক স্ট্যাটাস ঘিরে সংগঠনে পরিবর্তনের সম্ভাবনা নিয়ে প্রশ্ন করা হলে রিজভী বলেন, এ বিষয়ে আজকে আমার কাছে এ ধরনের কোনো নির্দেশনা আসেনি। কোনো ডাইরেক্টিভস বা কোনো ইনস্ট্রাকশন আমার কাছে আসেনি। দলের হাইকমান্ডের সঙ্গে এ বিষয়ে আলোচনা হয়ে থাকলেও তা তার জানা নেই উল্লেখ করে রিজভী বলেন, চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হলে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সংবাদ সম্মেলনের শেষদিকে খালেদা জিয়ার জন্মদিনের কর্মসূচিকে গুরুত্ব দিয়ে প্রচারের জন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানান বিএনপির এই নেতা। তিনি বলেন, ম্যাডামের বিষয়টা আমাদের জাতির একটা আবেগের বিষয়। আমি মনে করি আপনারা এই বিষয়টিকে একটু গুরুত্ব সহকারে তুলে ধরবেন।

ভাইয়ের সম্পত্তিতে বোনের

কোনো স্বত্ব দাবি করতে পারবে না বলে রায় দিয়েছেন হাইকোর্ট। আদালত বলেছেন, ভাইয়ের বিধবা স্ত্রী জীবিত থাকাকালীন সেই সম্পত্তিতে বোনের কোনো আইনগত অধিকার বা স্বার্থ থাকে না। ফলে বিধবা কর্তৃক সম্পত্তি হস্তান্তরের বৈধতা নিয়ে প্রশ্ন তোলারও কোনো সুযোগ বোনের নেই। চট্টগ্রামের পটিয়া উপজেলার এক জমি সংক্রান্ত দেওয়ানী রিভিশন মামলায় জারি করা রুল খারিজ করে বিচারপতি শেখ আবদুল আউয়াল এবং বিচারপতি মো. রাফিজুল ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন। বুধবার (১২ আগস্ট) রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। মূল রায়টি লিখেছেন বেঞ্চের কনিষ্ঠ বিচারপতি মো. রাফিজুল ইসলাম। রায়ের পর্যবেক্ষণে হাইকোর্ট বলেন, দায়ভাগা আইন অনুযায়ী স্বামীর মৃত্যুর পর তার বিধবা স্ত্রী জীবনস্বত্বে সম্পত্তির মালিক হন। যদিও এই সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে বিধবার ক্ষমতা সীমিত, তবে সেই হস্তান্তরের আইনি বৈধতা নিয়ে কেবল তিনিই চ্যালেঞ্জ করতে পারেন। যিনি বিধবার মৃত্যুর পর ওই সম্পত্তির প্রকৃত উত্তরাধিকারী বা 'রিভার্সনার' হওয়ার অধিকারী। রায়ে আদালত স্পষ্ট করেন, যে ব্যক্তির সম্পত্তিতে বর্তমানে বা ভবিষ্যতে কোনো আইনগত স্বার্থ নেই, তিনি ওই সম্পত্তি হস্তান্তরকে 'আইনগত প্রয়োজন' ছিল না- এমন যুক্তি দেখিয়ে আদালতে চ্যালেঞ্জ করতে পারেন না। হিন্দু আইনে ভাইয়ের সম্পত্তিতে বোনের এই ধরনের কোনো অধিকার স্বীকৃত নয়। মামলার বিবরণ থেকে জানা যায়, চট্টগ্রামের পটিয়া উপজেলার বাসিন্দা রামকান্ত বিশ্বাস ১৯২০ সালে তার ছেলে সতীশ চন্দ্র বিশ্বাসের নামে ১.৩৫ একর জমি ক্রয় করেন। পিতার জীবদ্দশাতেই সতীশ চন্দ্র মারা যান এবং ১৯৩৩ সালে রামকান্ত বিশ্বাসও মারা যান। সতীশ চন্দ্রের মৃত্যুর পর তার স্ত্রী সাবিত্রী বালা দাস ওই সম্পত্তি ভোগদখল করছিলেন। ১৯৯৬ সালে সাবিত্রী বালা সেই জমি ড. মনোরঞ্জন মহুরী নামে এক ব্যক্তির কাছে বিক্রি করে দেন। এরপর ১৯৯৮ সালে সতীশের বোন শৌল বালা দাস পটিয়া আদালতে এই হস্তান্তরের বিরুদ্ধে মামলা করেন। তার দাবি ছিল, ভাইয়ের সম্পত্তিতে তিনি পরবর্তী উত্তরাধিকারী এবং ভাইয়ের স্ত্রী সাবিত্রী বালা কর্তৃক করা বিক্রয় দলিলটি জাল ও আইনি বাধ্যবাধকতা ছাড়া করা হয়েছে। পরে ২০০০ সালের ২২ জুন পটিয়ার সাব-অর্ডিনেট জজ আদালত শৌল বালার মামলাটি খারিজ করে দেন। এরপর তিনি জেলা জজ আদালতে আপিল করলে ২০০৭ সালে সেটিও খারিজ হয়ে যায়। পরে ২০০৮ সালে হাইকোর্টে দেওয়ানী রিভিশন আবেদন করা হয়। দীর্ঘ শুনানি শেষে হাইকোর্ট ২০০৮ সালে জারি করা রুলটি খারিজ করে নিম্ন আদালতের রায় ও ডিক্রি বহাল রাখেন। আদালতে রিভিশন আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী সমীরণ দাস গুপ্ত। বিবাদী পক্ষে ছিলেন আইনজীবী তৌফিক আনোয়ার চৌধুরী। সংশ্লিষ্ট আইনজীবীরা বলছেন, এই রায়ের ফলে হিন্দু উত্তরাধিকার আইনে সম্পত্তিতে বোনের অধিকার ও রিভার্সনারি রাইট সংক্রান্ত দীর্ঘদিনের আইনি অস্পষ্টতা দূর হয়েছে। তবে হাইকোর্টের এই রায়ের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করা যাবে বলেও আইনজীবরা জানিয়েছেন।

বাংলাদেশের মানুষ আপনার জন্য

পোস্ট করার সময় সোহেল তাজ রাজধানীর জুলাই ৩৬ জাদুঘরের (সাবেক গণভবন) সামনে গাড়িতে অবস্থান করছিলেন। সোহেল তাজ বলেন, 'আজকে ১৪ আগস্ট ২০২৬, শুক্রবার। আমি প্রাক্তন গণভবন, বর্তমানে যেটা জুলাই ৩৬ জাদুঘর করা হয়েছে, এর সামনে দিয়ে যাচ্ছি। এখানে দেখা যাচ্ছে প্রচুর মানুষ। বাংলাদেশের দূর-দূরান্ত থেকে এখানে এসেছেন জাদুঘরটা প্রদর্শন করতে।' তিনি বলেন, 'বাংলাদেশের সব মানুষ প্রত্যক্ষদর্শী বা স্বচক্ষে যে গণহত্যা দেখেছিল, এই গণভবন থেকে সেটা পরিচালনা করা হয়েছিল। হাজার হাজার মানুষ যারা আহত হয়েছেন বা যারা নিহত হয়েছেন, তাদের আত্মীয়স্বজন বা সাধারণ মানুষ বাংলাদেশের দূর-দূরান্ত থেকে এই জুলাই জাদুঘর দেখতে এসেছেন। স্বচক্ষে দেখতে এসেছেন শেখ হাসিনার সরাসরি নির্দেশে এখান থেকে কীভাবে পরিচালনা করা হয়েছিল, এখান থেকে কীভাবে নির্দেশনা এসেছিল নির্বিচারে গুলিবর্ষণ করতে।' জাদুঘরে দর্শনার্থীদের ভিড়ের কথা তুলে ধরে তিনি বলেন, 'আজকে আমরা দেখতে পাচ্ছি, শুক্রবারে প্রচণ্ড ভিড় এবং এখানে প্রতিদিন ভিড় থাকে।' শেখ হাসিনা দেশে ফিরবেন এমন আলোচনা প্রসঙ্গে সোহেল তাজ বলেন, 'এখন প্রশ্ন হচ্ছে, আমরা শুনতে পাচ্ছি যে পলাতক প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নাকি দলবল নিয়ে বাংলাদেশে ফেরত আসবে। আমি মনে করি এই জনগণ আপনার জন্য অপেক্ষা করছে। আপনি আসেন, বিচারের সম্মুখীন হন। আপনার সাজা যেটা হয়েছে, সেটার সম্মুখীন হন। জনগণ আপনার জন্য অপেক্ষা করছে।' ভিডিওতে জাদুঘরের সামনে দীর্ঘ সারির দৃশ্য দেখিয়ে সোহেল তাজ বলেন, 'এখানে দেখা যাচ্ছে হাজার হাজার মানুষ লাইন দিয়ে অপেক্ষা করছে, ভিড় করছে। মিরপুর রোডের মতো ব্যস্ত একটা রাস্তা, লাইন করে সবাই দেখার জন্য আসছে।' সবশেষে শেখ হাসিনার উদ্দেশে সোহেল তাজ বলেন, 'বাংলাদেশের মানুষ আপনার জন্য অপেক্ষা করছে, আসেন।'

মেহেন্দিগঞ্জে সড়ক সংস্কার

আশ্বাস দেন। পরিদর্শনের সময় মেহেন্দিগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক গিয়াসউদ্দিন দিপেন, সদস্যসচিব শিহাব আহমেদ সেলিম, জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান মুক্তা, পৌর বিএনপির আহ্বায়ক রিয়াজ শাহীন লিটন, উত্তর জেলা যুবদলের আহ্বায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহ্বায়ক নাঈম ইসলাম তুহিন, পৌর যুবদলের সদস্যসচিব আমজাদ পোদ্দার, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আমিনুল ইসলাম শিপন, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব মাসুদ রানা, যুবনেতা সৈয়দ খাইরুল বাশারসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গণভোটের রায় উপেক্ষা করে স্বৈরাচারি

করে শিক্ষক নিয়োগ প্রতিষ্ঠানের কমিটির হাতে দেয়ার পাঁয়তারা চলছে। এর মাধ্যমে দূর্নীতি বৃদ্ধি পাবে এবং মেধাবীরা অবমূল্যায়িত হবে, যেটা অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশের জনগণ কিছুতেই মেনে নেবে না। তিনি আরও বলেন, জ্ঞান অর্জনে গুরুত্ব দিতে হবে, রুকনদের বেশি বেশি কুরআন অধ্যয়ন করা দরকার। হিম্মত নিয়ে আন্দোলনের কাজে ভুমিকা পালন করতে হবে, সাহস নিয়ে আল্লাহর উপর ভরসা করে কাজ করলে সফলতা আসবেই, ইনশাআল্লাহ্। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। তিনি বলেন, ইকামতে দ্বীন বা আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমের কথা বলবেন, সমাজকে সকল প্রকার কুলুষতামুক্ত করতে চাইবেন এবং রাষ্ট্রের সার্বিক ব্যবস্থাপনায় ইসলামের ন্যায়বিচার প্রতিষ্ঠার উদ্যোগ নেবেন ঠিক তখনই অশুভ শক্তির কুদৃষ্টি আপনার ওপর পড়বে। আপনার ওপর নেমে আসবে জুলুম, অত্যাচার ও নানামুখী নির্যাতন। আজকের যুগে শোষক ও কায়েমী স্বার্থান্বেষী গোষ্ঠী শুধু সরাসরি নির্যাতন করেই ক্ষান্ত হয় না, তারা চালায় মনস্তাত্ত্বিক যুদ্ধ। মূল আদর্শের সাথে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে তারা কর্মীদের নৈতিকতা ও চরিত্র নিয়ে ভিত্তিহীন প্রশ্ন তোলে। বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে দারসুল কুরআন পেশ করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও বরিশাল জেলা আমির মাওলানা আব্দুল জব্বার এবং মহানগরী শাখার ষাণ্মাসিক রিপোর্ট পেশ করেন সহকারী সেক্রেটারি মুহাম্মদ আতিকুল্লাহ। মহানগর জামায়াতের আমির ও কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবরের সভাপতিত্বে সম্মেলনে আরও উপস্থিত ছিলেন মহানগর জামায়াতের নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসাইন দুলাল, সহকারী সেক্রেটারি মাস্টার মিজানুর রহমান ও তারিকুল ইসলাম, মহানগর কর্মপরিষদ সদস্য অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু, মাওলানা হাবিবুর রহমান, আব্দুস সত্তার, শামীম কবির, মাহফুজুর রহমান আমিন, মাওলানা শফিউল্লাহ তালুকদার, মুহাম্মদ জাফর ইকবাল, কোতোয়ালি উত্তর থানা আমির অধ্যাপক আনোয়ার হোসাইন, কাউনিয়া থানা আমির মাওলানা মোস্তাফিজুর রহমান, ব্যবসায়ী বিভাগের সভাপতি মোয়াজ্জেম হোসেন হাওলাদার, আইনজীবী বিভাগের সভাপতি অ্যাডভোকেট আবুল খায়ের শহীদ, ওলামা বিভাগের সভাপতি মাওলানা সোহরাব হোসাইন, ব্যাংকার্স বিভাগের সভাপতি মুজিবুর রহমানসহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

ফুটবল খেলতে গিয়ে বল

আল-জামিয়াতুন নাফিসিয়া আল ইসলামী (মার্কজ) মাদ্রাসার কাফিয়া জামায়াতের (নবম শ্রেণি) ছাত্র ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে আবু সাইদ সহপাঠীদের সঙ্গে ভেগাই হালদার পাবলিক একাডেমি স্কুল মাঠে ফুটবল খেলতে যান। খেলা চলাকালে হঠাৎ একটি ফুটবল তার পেটে সজোরে আঘাত লাগে। এতে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। পরে মাদ্রাসার শিক্ষক ও সহপাঠীরা তাকে দ্রুত স্থানীয় দুস্থ মানবতা হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা ও পরীক্ষা-নিরীক্ষার পর উন্নত চিকিৎসার জন্য তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। শুক্রবার দুপুর ২টার দিকে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে আবু সাইদকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মাসুদ খান বলেন, "মাদ্রাসাছাত্র আবু সাইদ সহপাঠীদের সঙ্গে ফুটবল খেলার সময় পেটে বলের আঘাত পেয়ে অসুস্থ হয়ে বরিশাল হাসপাতালে মারা গেছে। এ ঘটনায় এখন পর্যন্ত থানায় কেউ লিখিত অভিযোগ দেয়নি। লিখিত অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।"

সীতাকুণ্ডে শিপইয়ার্ডে বিষাক্ত

গ্যাস ছড়িয়ে পড়ে। এতে ১৫-২০ জন শ্রমিক অসুস্থ হয়ে পড়েন। তাদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে প্রথমে তিনজনকে মৃত ঘোষণা করা হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় আরও তিনজনের মৃত্যু হয়। ফেরদৌস স্টিল শিপইয়ার্ডের ম্যানেজার মোহাম্মদ ইউসুফ অবশ্য জানান, হতাহতদের অনেকে শ্রমিক নন, উৎসুক জনতা। তিনি বলেন, শুক্রবার ইয়ার্ড বন্ধ ছিল। সকাল ১০টার দিকে একটি স্ক্র্যাপ এলএনজি জাহাজের ট্যাংকে লিকেজ হয়। স্থানীয় অনেকে বিষয়টি দেখতে গেলে গ্যাসে আক্রান্ত হন। ইয়ার্ডের প্রশাসনিক কর্মকর্তা সাইফুজ্জামান বলেন, এখানে বিস্ফোরণের কোনো ঘটনা ঘটেনি। গ্যাস লিক হয়ে বিষক্রিয়ায় হতাহতের ঘটনা ঘটেছে। কয়েকজন অসুস্থ হয়েছেন। অনেকে প্রথমে এটিকে বিস্ফোরণ বলে মনে করেছিলেন। চট্টগ্রাম পুলিশ সুপার (এসপি) মাহমুদা বেগমও বলেন, বিস্ফোরণের খবর সঠিক নয়। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক (ডিআইজি) মাহবুবুল হাসান বলেন, ১০ শ্রমিক অসুস্থ হওয়ার খবর পাওয়া গেছে। তাদের মধ্যে বেশ কয়েকজন মারা গেছেন। বাকিদের সর্বশেষ অবস্থা এখনো জানা যায়নি। গ্যাস নির্গমন নাকি বিস্ফোরণ, সেটি খতিয়ে দেখা হচ্ছে। পাশাপাশি ইয়ার্ডে শ্রমিকদের নিরাপত্তাব্যবস্থা যথাযথ ছিল কি না, তাও তদন্ত করা হচ্ছে।

ইরানে নতুন হামলার

গঠনের ঘোষণা দিয়েছে সেন্টকম। প্রতিবেদনের তথ্য মতে, তেহরানের ওপর চাপ বাড়াতে ইরানের বিরুদ্ধে তেল, গ্যাস ও বিদ্যুৎ স্থাপনাগুলোতে হামলাসহ সামরিক সংঘাত পুনরায় শুরুর পক্ষে জোরালো অবস্থান নিয়েছেন মার্কিন সেন্টকমের প্রধান অ্যাডমিরাল ব্র্যাড কুপার। গত সপ্তাহে ইসরায়েল সফরকালে তিনি এই প্রস্তাবনা পেশ করেছিলেন। জানা গেছে, চিফ অব স্টাফ ইয়াল জামির এবং অন্যান্য ঊর্ধ্বতন কমান্ডারদের পাশাপাশি ইসরায়েলি সামরিক বাহিনীর শীর্ষ অপারেশনাল ফোরামের একটি বৈঠকে অংশ নিয়েছিলেন কুপার। চ্যানেলটির তথ্য অনুযায়ী, ওই বৈঠকে কুপার ইরানের বিরুদ্ধে পুনরায় লড়াই শুরু করার আহ্বান জানান এবং দেশটির গ্যাস, তেল ও বিদ্যুৎ শিল্পের সাথে জড়িত সুবিধাদিসহ জাতীয় অবকাঠামোগুলোতে হামলার তাগিদ দেন। কুপারকে উদ্ধৃত করে বলা হয়, ইরানের অবকাঠামোতে আঘাত হানলে খেলা (যুদ্ধের) নিয়ম বদলে যাবে। এটি ইরানিদের দারুণভাবে ক্ষতিগ্রস্ত করবে। কিন্তু বর্তমান পরিস্থিতি চলতে থাকলে তারা তাদের অবস্থান পরিবর্তন করবে না। সেন্টকম প্রধান ইসরায়েলি সামরিক কর্মকর্তাদের আরও যে, লড়াই পুনরায় শুরু করাটাই একমাত্র বিকল্প হতে পারে এবং ইরানের বিরুদ্ধে ইসরায়েলের সাথে যৌথ হামলা চালাতে হতে পারে যুক্তরাষ্ট্রের। একই সূত্রের বরাত দিয়ে বলা হয়, কুপার মার্কিন যৌথ বাহিনীর প্রধানদের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইনের কাছেও তার এই অবস্থান তুলে ধরেছেন এবং প্রস্তাবটি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অবহিত করা হয়েছে। ইসরায়েলি সম্প্রচারমাধ্যমের এসব দাবির বিষয়ে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

বরিশাল থেকে চুরি হওয়া

শুরু করে। টুঙ্গিপাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আইয়ুব আলীর দিকনির্দেশনায় এসআই মো. নাজমুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল পাটগাতী এলাকায় অভিযান চালায়। একপর্যায়ে বৃহস্পতিবার মধ্যরাতে একটি নির্জন স্থান থেকে পরিত্যক্ত অবস্থায় ইয়ামাহা এফজেডএস ভি-৩ মোটরসাইকেলটি উদ্ধার করা হয়। ?অভিযানে এসআই মো. নাজমুল ইসলামকে সহযোগিতা করেন টুঙ্গিপাড়া থানার এএসআই মো. জাবেদ হোসেন, এএসআই মো. সবুজ ও কনস্টেবল জাহিদুল ইসলাম। ?পুলিশের প্রাথমিক তথ্য অনুযায়ী, উদ্ধার হওয়া মোটরসাইকেলটি বরিশাল থেকে শুক্রবার (২৪/০৭/২৬) তারিখ আনুমানিক রাত ১০:৩০ সময় চুরি হয়েছিল। তবে চুরির পর মোটরসাইকেলটি কীভাবে টুঙ্গিপাড়ায় পৌঁছাল, কারা এটি সেখানে রেখে গেছে এবং এর সঙ্গে আরও কেউ জড়িত কি না এসব বিষয় খতিয়ে দেখা হচ্ছে। ?টুঙ্গিপাড়া থানার ওসি মো. আইয়ুব আলী বলেন, "চুরি যাওয়া মোটরসাইকেল উদ্ধারে পুলিশ অভিযান চালিয়ে সফলতা অর্জন করেছে। ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে।" ?এদিকে উদ্ধার হওয়া মোটরসাইকেলটি আইনি প্রক্রিয়া শেষে মালিকের কাছে হস্তান্তর করা হয়েছে। দীর্ঘ অপেক্ষার পর নিজের মোটরসাইকেল ফিরে পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন মালিক মো. আরিফ। তিনি বলেন, "এত তাড়াতাড়ি মোটরসাইকেলটি উদ্ধার হয়ে আবার হাতে পাবো, এটা ভাবতেই পারিনি। পুলিশ যেভাবে দ্রুত এটি উদ্ধার করেছে, তাতে আমি খুবই আনন্দিত ও কৃতজ্ঞ।" ?চুরি যাওয়া মোটরসাইকেল উদ্ধারে পুলিশের তৎপরতায় স্থানীয়দের মধ্যেও স্বস্তি দেখা দিয়েছে। একই সঙ্গে চুরি ও ছিনতাই প্রতিরোধে পুলিশের নজরদারি ও অভিযান আরও জোরদারের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

সরকারের ১৮০ দিনের পারফরম্যান্স

তা পুরোপুরি উপেক্ষিত হয়েছে। উচ্চকক্ষ গঠনের বাধ্যতামূলক সময়ও মানা হয়নি। জনরায়ের প্রতি এটা স্পষ্ট উপেক্ষা ও অবজ্ঞা। ?ঢাকা মহানগর উত্তর সভাপতি অধ্যক্ষ হাফেজ মাওলানা শেখ ফজলে বারী মাসউদের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সেক্রেটারি ইঞ্জিনিয়ার মুরাদ হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত শূরা অধিবেশনে আরও বক্তব্য রাখেন কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মাওলানা লোকমান হোসাইন জাফরী, কেন্দ্রীয় আইন বিষয়ক সম্পাদক অ্যাড. শওকত আলী হাওলাদার, মাওলানা নুরুল ইসলাম নাঈম, মুফতি অলিউল্লাহ, অ্যাডভোকেট মোস্তফা আল মামুন মনির, মুফতি ফরিদুল ইসলাম, মুফতি মাছউদুর রহমান, শ্রমিক নেতা আলহাজ আমীরুল হক, মাহবুব ইসলাম, যুব নেতা হাফেজ ইকবাল, মুফতি নিজাম উদ্দিন, ডাক্তার মো. মুজিবুর রহমান প্রমুখ।

হামের উপসর্গে আরও

৯৭২ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাসপাতালে ভর্তি হওয়া সন্দেহজনক হাম রোগী এক লাখ ২২ হাজার ৭৯৪ জন। এদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে এক লাখ ১৮ হাজার ৫৪০ জন।

দুর্বল হচ্ছে স্থল নিম্নচাপ

এ অবস্থায় চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। এছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করার পরামর্শ দেওয়া হয়েছে।

দেড় শ বছর ধরে টিকে আছে

ভোর থেকে দুপুর পর্যন্ত চলে নৌকা বেচাকেনা। স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি দূরদূরান্ত থেকেও নৌকা কিনতে আসেন ক্রেতারা। নৌকা ব্যবসায়ীদের ভাষ্য, নদী-খালবেষ্টিত এই অঞ্চলের মানুষের দৈনন্দিন জীবনে যাতায়াত ও মালামাল পরিবহনের বাহন হিসেবে নৌকা এখনো জনপ্রিয়। প্রতি হাটেই আটঘর খাল এলাকায় ডিঙি থেকে শুরু করে বিভিন্ন আকারের শত শত নৌকা ওঠে। বর্তমানে নৌকা তৈরিতে কাঠ ও কারিগরের মজুরিসহ উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় বেচাকেনায় ভাটা পড়েছে। কোনো রকমে ব্যবসা টিকিয়ে রাখতে হচ্ছে বলে দাবি ব্যবসায়ীদের। গতকাল শুক্রবার উপজেলার বলদিয়া এলাকা থেকে হাটে ৩৫টি নৌকা নিয়ে এসেছেন কামরুল ইসলাম। তিনি বলেন, 'প্রায় ৩০ বছর ধরে এই হাটে নৌকা বিক্রি করি। বর্ষার সময়ে হাটে ক্রেতা বেশি থাকে। কিন্তু এবার বিক্রি কম হচ্ছে। ৩৫টি নৌকার মধ্যে মাত্র একটি বিক্রি করেছি। ৯ হাতের একটি নৌকা তিন হাজার থেকে ৩ হাজার ২০০ টাকা বিক্রি হয়।' ব্যবসায়ী মনিরুল ইসলাম বলেন, একটি ভালো মানের ৯ হাত নৌকা তৈরিতে একজন কারিগরের প্রায় দুই দিন সময় লাগে। দৈনিক ৮০০ টাকা মজুরি হিসেবে শ্রমিক খরচ পড়ে ১ হাজার ৬০০ টাকা। কাঠের খরচ লাগে প্রায় দুই হাজার টাকা। কিন্তু বিক্রি করা যায় চার হাজারের মতো। এখন নৌকার ব্যবসা ভালো হচ্ছে না। হাটের অবস্থাও ভালো নয়। হাটে নৌকা কিনতে আসা উপজেলার বিনয়কাঠি গ্রামের আজিজ হাওলাদার বলেন, 'মাছ মারার জন্য ডিঙি নৌকা কিনতে এসেছি। গত বছরের তুলনায় নৌকার দাম একটু কম মনে হচ্ছে। দুই হাজার থেকে আড়াই হাজার টাকার মধ্যে একটি নৌকা কিনব।' হাটে ঘুরতে আসা দুই গৃহিণী ফাতেমা ও সুরাইয়া বলেন, 'অনেক দূর থেকে নৌকার হাটে ঘুরতে এসেছি। অনেক দিনের শখ ছিল। হাট দেখে খুবই ভালো লাগছে।' হাটের ইজারা আদায়ের দায়িত্বে থাকা মো. ইকবাল জানান, নৌকাপ্রতি ১০০ টাকায় ১২ টাকা হারে খাজনা নেওয়া হচ্ছে। তবে অনেকের কাছ থেকে এরচেয়েও কম নেওয়া হচ্ছে। এ বছর বেচাকেনা কম। এক হাটে ১০০-১৫০টি নৌকা বিক্রি হয়। ব্যবসায়ীদের দাবি, প্রতি হাটে অন্তত ২০০টি নৌকা বিক্রি হয়, যার আনুমানিক মূল্য ১০ লাখ টাকা। প্রতিবছর কয়েক লাখ টাকায় হাটটি ইজারা দেওয়া হলেও হাটের পরিবেশ ব্যবসাবান্ধব হয়ে ওঠেনি। ব্যবসায়ী ও ক্রেতাদের জন্য পর্যাপ্ত বিশ্রামাগার ও শৌচাগার নেই। দূরদূরান্ত থেকে ক্রেতা-বিক্রেতারা হাটে এসে নানান ভোগান্তিতে পড়েন। পুরোনো ব্যবসায়ীদের মতে, দেড় শ বছর আগে গোড়াপত্তন হওয়া আটঘর হাটে প্রতি বর্ষায় মানুষের আনাগোনা বাড়ে। নৌকার সারি, খালের ঢেউ আর ক্রেতা-বিক্রেতাদের হাঁকডাকে প্রতি শুক্রবার পুরোনো চিত্র ফুটে ওঠে। এ হাট শুধু বেচাকেনার জায়গা নয়, দক্ষিণাঞ্চলের গ্রামীণ জীবন, জীবিকা ও নৌ সংস্কৃতির এক জীবন্ত ঐতিহ্য। নৌকার ব্যবহার কমলেও মানুষের প্রয়োজন আর ঐতিহ্যের টানে এখনো টিকে আছে আটঘরের হাট।

এনআইডি বদলে আত্মগোপনে

নিয়ন্ত্রণ আইনের একটি মামলায় মনিরুজ্জামনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং ১০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১ মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন আদালত। তবে রায় ঘোষণার পর তিনি আত্মগোপনে চলে যান। এ ঘটনায় মনিরুজ্জামানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির আদেশ দেন বিচারক। তবে গ্রেফতার এড়াতে ছদ্মবেশ ধারণ করেন মাদক ব্যবসায়ী মনিরুজ্জামান। তিনি জাতীয় পরিচয়পত্রে নিজের নাম-পরিচয় গোপন করে আইনশৃঙ্খলা বাহিনীর চোখ ফাঁকি দেন। পরে গোপন সংবাদের ভিত্তিতে তথ্যপ্রযুক্তির সহায়তায় বিশেষ অভিযান চালিয়ে মনিরুজ্জামানকে গ্রেফতার করে র‌্যাব। আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তাকে নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

আমতলীতে মামলার

হাসপাতালে ভর্তি করেছেন। ঘটনা ঘটেছে আমতলী উপজেলার শাখারিয়া গ্রামে শুক্রবার দুপুরে। জানাগেছে, আমতলী উপজেলার শাখারিয়া গ্রামের কামাল হাওলাদার প্রতিবেশী নিজাম সিকদার ও হালিম মিস্ত্রির বিরুদ্ধে তার স্ত্রীকে পালাক্রমে ধর্ষনের অভিযোগ এনে গত ১৫ ফেব্রুয়ারী বরগুনা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলা দায়ের করেন। আদালতের বিচারক মামলাটি আমলে নিয়ে আমতলী থানার ওসিকে এজাহার হিসেবে গ্রহন করে আইনগত ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন। আদালতের নির্দেশ মোতাবেক আমতলী থানার ওসি গত ২৩ ফেব্রুয়ারী মামলাটি এজাহার হিসেবে গ্রহন করেন। পরে পুলিশ মামলটি তদন্ত করতে ঘটনাস্থলে যান। ওই সময় পুলিশ রেবেকা বেগমসহ স্থানীয়দের স্বাক্ষী নেন। তারা মামলার বাদীর বিরুদ্ধে স্বাক্ষী দেন। এতে ক্ষুব্দ হন মামলার বাদী কামাল হাওলাদার। শুক্রবার দুপুরে রেবেকা ওই মামলার বাদী কামাল হাওলারের বাড়ীর পাশে একটি টেইলার্সের দোকানে পোশাক আনতে যান। ওই সময় রেবেকা ও কামাল হাওলাদারের স্ত্রী রেক্সেনার সঙ্গে কথা কাটাকাটি ও চুলাচুলির ঘটনা ঘটে। এক পর্যায় কামাল হাওলাদার ধারালো অস্ত্র দিয়ে রেবেকাকে কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করেছে। তার ধারালো অস্ত্রের আঘাতে রেবেকার মাথা ও কপালে গুরুতর জখম হয়। স্বজনরা তাকে উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। ওই হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডাঃ মহুয়া তাকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শেবাচিম হাসপাতালে প্রেরণ করেছেন। প্রত্যক্ষদর্শী কুলসুম বলেন, রেবেকা আমার কাছে পোশাক নিতে আসে। তাকে দেখে কামাল হাওলাদারের স্ত্রী রেক্সনা তাকে অকথ্য ভাষায় গালাগাল করে। পরে কামাল হাওলাদার চাপাতি দিয়ে রেবেকাকে এলোপাথারি কুপিয়ে ও পিটিয়ে জখম করেছে। আহত রেবেকা বেগম বলেন, কামাল হাওলাদার তার স্ত্রীকে দিয়ে নিজাম সিকদার ও হালিম মিস্ত্রির বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। ওই মামলায় পুলিশ তদন্ত করতে আসলে আমি সত্য স্বাক্ষী দিয়েছি। এ কারনে আমাকে কামাল হাওলাদার ও তার স্ত্রী রেক্সনা কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করেছে। আমি এ ঘটনার শাস্তি দাবী করছি। এ বিষয়ে জানতে কামাল হাওলাদার মুঠোফোনে বলেন, কথা কাটাকাটির এক পর্যায়ে চাপাতি দিয়ে কয়েকটি আঘাত করেছি। আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মহুয়া বলেন, আহতকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শেবাচিম হাসপাতালে পাঠানো হয়েছে। আমতলী থানার ওসি মোঃ ইয়াকুব হোসাইন বলেন, অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ত্রাণ নয়, টেকসই বেড়িবাঁধ

আগেই টেকসই বেড়িবাঁধ চাই।' সদর উপজেলার আজগরকাঠি গ্রামের বাসিন্দা সেলিম শাহনেওয়াজ বলেন, 'প্রতিবার ঝড়ের আগে বাঁধ নিয়ে আতঙ্ক তৈরি হয়। কোথাও মাটি সরে যায়, কোথাও ফাটল দেখা দেয়। তখন সাময়িকভাবে মাটি বা বস্তা ফেলা হয়। কিন্তু আমরা বারবার এই অস্থায়ী ব্যবস্থা চাই না। এমন বাঁধ চাই, যেটা বড় জোয়ার ও ঝড়ের চাপ সামলাতে পারবে।' স্থানীয় গৃহবধূ রেহানা বেগম বলেন, 'ঝড় এলে আমাদের সবচেয়ে বড় ভয় পানি। ঘরবাড়ি, সন্তান ও গবাদিপশু নিয়ে তখন নিরাপদ জায়গা খুঁজতে হয়। পরে ত্রাণ দেওয়া হয়, খাবার দেওয়া হয়- কিন্তু আমরা ত্রাণের ওপর নির্ভর করতে চাই না। এমন বাঁধ চাই, যাতে পানি আমাদের ঘরেই ঢুকতে না পারে।' নিশানবাড়িয়া এলাকার কৃষক মোঃ ইসমাইল হোসেন বলেন, 'একবার লবণাক্ত পানি জমিতে ঢুকলে কৃষকের অনেক ক্ষতি হয়। ফসল নষ্ট হয়, জমির উর্বরতা কমে যায়। তাই ক্ষতি হওয়ার পর ক্ষতিপূরণ বা ত্রাণ দেওয়ার চেয়ে আগে বাঁধ শক্ত করা অনেক বেশি প্রয়োজন।' স্থানীয় বাসিন্দারা জানান, শুধু বাঁধের উচ্চতা বাড়ালেই হবে না। নদীভাঙনপ্রবণ এলাকায় বাঁধের পাড় রক্ষা, স্লোপ শক্তিশালী করা, প্রয়োজনীয় স্থানে ব্লক বা জিওব্যাগ ব্যবহার, পানি নিষ্কাশনের ব্যবস্থা এবং বাঁধের নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে। একই সঙ্গে নতুন বাঁধ নির্মাণের সময় আগামী কয়েক দশকের জোয়ার ও দুর্যোগের ঝুঁকি বিবেচনায় নিতে হবে। পাথরঘাটার নদীতীরবর্তী জিনতলার এলাকার বাসিন্দা মো. বেলায়েত হোসেন বলেন, 'বড় জোয়ার এলেই আমরা আতঙ্কে থাকি। কোথাও বাঁধ আছে, কিন্তু সেটি যথেষ্ট উঁচু নয়; কোথাও আবার বাঁধ নদীর খুব কাছে চলে এসেছে। সরকার যদি একবার পরিকল্পনা করে স্থায়ীভাবে বাঁধ তৈরি করে, তাহলে প্রতিবছর কোটি কোটি টাকা জরুরি মেরামতে খরচ করার প্রয়োজন হবে না।' স্থানীয় জনপ্রতিনিধি আবদুল কাদের মোল্লা বলেন, 'দুর্যোগ মোকাবিলায় তাৎক্ষণিক ব্যবস্থা অবশ্যই প্রয়োজন। কিন্তু দীর্ঘমেয়াদে উপকূল রক্ষার জন্য টেকসই বাঁধের বিকল্প নেই। ঝুঁকিপূর্ণ এলাকাগুলোকে অগ্রাধিকার দিয়ে স্থায়ী প্রকল্প গ্রহণ করা দরকার।' পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা জানান, জেলার বিভিন্ন বাঁধ নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে জরুরি ব্যবস্থা নেওয়ার পাশাপাশি স্থায়ী সংস্কারের প্রয়োজনীয়তাও রয়েছে। তবে বড় ধরনের টেকসই প্রকল্প বাস্তবায়নে পর্যাপ্ত বরাদ্দ ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রয়োজন। বরগুনার উপকূলবাসীর অভিযোগ, একটি বাঁধ নির্মাণ বা সংস্কারের পর সেটির স্থায়িত্ব কত বছর হবে, কী ধরনের জলোচ্ছ্বাস সহ্য করতে পারবে এবং ভবিষ্যতে নদীভাঙনের গতিপথ কী হতে পারে-এসব বিষয় যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করা হয় না। ফলে কিছুদিন পর আবার একই বাঁধ নিয়ে নতুন করে প্রকল্প ও সংস্কারের প্রয়োজন দেখা দেয়। বিশেষজ্ঞদের মতে, জলবায়ু পরিবর্তনের প্রভাবে উপকূলীয় অঞ্চলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা, জোয়ারের উচ্চতা, নদীভাঙন ও ঘূর্ণিঝড়ের ঝুঁকি বাড়ছে। তাই পুরোনো নকশায় বাঁধ নির্মাণ না করে জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ ঝুঁকি বিবেচনায় নিয়ে বাঁধের উচ্চতা, প্রশস্ততা ও স্থায়িত্ব নির্ধারণ করতে হবে। একই সঙ্গে বাঁধের সঙ্গে নদীতীর সংরক্ষণ, পানি নিষ্কাশন ও স্থানীয় যোগাযোগব্যবস্থাকেও সমন্বিত করতে হবে। উপকূলবাসীর দাবি, ত্রাণনির্ভর দুর্যোগ ব্যবস্থাপনা থেকে বেরিয়ে প্রতিরোধমূলক ব্যবস্থায় যেতে হবে। প্রতি বছর দুর্যোগের পর ক্ষতিগ্রস্ত মানুষের হাতে ত্রাণ তুলে দেওয়ার পাশাপাশি কেন বারবার একই এলাকায় বাঁধ ভাঙছে, তার স্থায়ী কারণ চিহ্নিত করতে হবে। তাদের প্রত্যাশা, জেলার ৮০৫ কিলোমিটার বেড়িবাঁধের পূর্ণাঙ্গ সমীক্ষা করে ঝুঁকিপূর্ণ অংশগুলো চিহ্নিত করা হবে। এরপর অগ্রাধিকার ভিত্তিতে টেকসই বাঁধ নির্মাণ ও সংস্কার করা হবে। এতে মানুষের জীবন-জীবিকা যেমন নিরাপদ হবে, তেমনি কৃষিজমি, মৎস্যসম্পদ, বসতভিটা ও উপকূলীয় অবকাঠামোও রক্ষা পাবে। উপকূলের মানুষের এখন একটাই দাবি- ঝড় এলে ত্রাণ নয়, ঝড় আসার আগেই নিরাপত্তা চাই। ত্রাণ চাই না, টেকসই বেড়িবাঁধ চাই।

উদ্ধারের পরও বাঁচানো গেল না

হতে থাকে। বিষয়টি জানতে পেরে স্থানীয় ব্যবসায়ীরা উপজেলা প্রশাসনকে খবর দেন। খবর পেয়ে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা উল হুসনা দ্রুত ঘটনাস্থলে পৌঁছান। তিনি নিজে উদ্ধার কার্যক্রমের তদারকি করেন এবং সংকটাপন্ন নবজাতককে তাঁর গাড়িতে করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। তবে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয়। বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা বলেন, 'দুঃখজনকভাবে সময়মতো তথ্য না পাওয়ায় নবজাতকটিকে উদ্ধার করে চিকিৎসার আওতায় আনতে কিছুটা দেরি হয়ে যায়। এতে শিশুটির শারীরিক অবস্থা অত্যন্ত সংকটাপন্ন হয়ে পড়েছিল। তার সুচিকিৎসা নিশ্চিত করতে সাধ্যমতো চেষ্টা করা হয়েছে। কিন্তু হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয়েছে।'

কুয়াকাটা বা পটুয়াখালীতে এয়ারপোর্ট

করছি। আমাদের প্রবাসীরা শুধু নিচু স্তরে কাজ না করে, যাতে উচ্চ স্তরেও কাজ করতে পারে, সেটা নিয়েও কাজ করে যাচ্ছি। তিনি বলেন, স্বাভাবিকভাবে সরকারি অফিসার এবং কর্মকর্তারা দীর্ঘ সময় একটা দায়িত্বে থাকলে, সেখানে একটা সিন্ডিকেট তৈরি করে। এজন্য তাদের বদলি হয়ে থাকে। অনেকে তদবির করে পাঁচ থেকে সাত বছর এক জায়গায় থাকে। আমার মতে, তিন বছরের বেশি তাদেরকে ওই পদে রাখা উচিত নয়। এটা করলে কাজটা গতিশীল থাকবে। তিনি আরও বলেন, এটা পরিষ্কার কথা যে, বাংলাদেশে তো রাতারাতি দুর্নীতি-অনিয়ম এগুলো পরিষ্কার হয়ে যাবে না। কারণ এগুলো দীর্ঘদিন ধরে প্র্যাকটিস হয়ে এসেছে। তবে, এগুলো আস্তে আস্তে কমিয়ে আনতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক এই ভিপি বলেন, গত ১৭ বছর ধরে দেশে ছিল একদলীয় শাসন ব্যবস্থা। বাংলাদেশে নির্বাচন ব্যবস্থার পরিবর্তনের জন্য ৫ বছর পরপর আন্দোলন করতে হয়েছে। আন্দোলনের কারণে জ্বালাও-পোড়াও করতে হয়েছে। এতে দেশেরই ক্ষতি হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন গলাচিপা উপজেলা কল্যাণ সমিতির সভাপতি মুর্তজা সাইফুল জাকির। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনটির সাধারণ সম্পাদক আবু বকর সিদ্দিক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আব্দুল লতিফ মাসুম, বিশিষ্ট ব্যবসায়ী অ্যাডভোকেট গোলাম মোস্তফা, সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক আবুল হাসনাত মিন্টু, সাংবাদিক ফোরকান আহমেদ, সাংবাদিক সাইফুল ইসলাম উজ্জ্বল, গলাচিপা উপজেলা বিএনপির সদস্যসচিব আলতাফ হোসেন খানসহ আরও অনেকে।

শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধে

ও কোচিং বানিজ্যের সঙ্গে জড়িত রয়েছেন। এমতাবস্থায় কোচিং সেন্টারের সঙ্গে জড়িত শিক্ষকদেরকে একগুচ্ছ নির্দেশনা দিয়ে, তা অবশ্যই অনুসরণ করতে বলা হয়েছে। নির্দেশনাগুলো হলো- কোনো শিক্ষক তার কর্মস্থল বা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কোচিং বা প্রাইভেট পড়াতে পারবেন না; কোনো শিক্ষক তার নিজ নামে, অন্যের নামে বা অন্য কোনো উপায়ে কোচিং সেন্টার পরিচালনা করতে পারবেন না অথবা পরিচালিত কোচিং সেন্টারের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকতে পারবেন না; কোনো শিক্ষক প্রতিষ্ঠানের ক্লাস ফাঁকি দিয়ে কোচিং করাতে পারবেন না; তবে প্রয়োজনে এবং প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমতিক্রমে টিউশন বা কোচিং করাতে পারবেন; কোনো শিক্ষক কোচিং করানোর জন্য শিক্ষার্থীদের মানসিকভাবে প্রভাবিত করতে পারবেন না বা ক্লাস কম পড়িয়ে কোচিং এ পড়ানোর জন্য বাধ্য করতে পারবেন না; কোনো শিক্ষক কোচিং-এ পড়া শিক্ষার্থীদের অগ্রাধিকার দিয়ে মূল্যায়ন করতে পারবেন না। এছাড়াও জানানো হয়, কোন শিক্ষক প্রাইভেট বা কোচিং বানিজ্যের সঙ্গে জড়িত থাকার অভিযোগ প্রমানিত হলে তার বিরুদ্ধে সরকারি বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা নেবে। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানরা নিজ নিজ প্রতিষ্ঠানে এ নীতিমালা কঠোরভাবে বাস্তবায়ন করবেন এবং কোনো শিক্ষক কোচিং বণিজ্যের সঙ্গে জড়িত থাকলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন। এ প্রেক্ষাপটে শিক্ষা মন্ত্রণালয়ের 'শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২' অনুসারে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এ নীতিমালা সঠিকভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সবাইকে বিশেষভাবে অনুরোধ করা হলো। ভান্ডারিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাহাঙ্গীর হোসেন চিঠির সত্যতা নিশ্চিত করে বলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশে কোচিং বাণিজ্য নিয়ন্ত্রণে প্রতিষ্ঠান প্রধানদেরকে চিঠি দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষক বিভাগের ২০১২ নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে মাঠ পর্যায়ে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা করা হবে।

মন্ত্রিসভায় যুক্ত হতে পারেন নতুন

হচ্ছে। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার প্রধানমন্ত্রীর। যাঁদের নাম আলোচনায়- মন্ত্রিসভায় সম্ভাব্য সংযোজন হিসেবে চারজনের নাম নিয়ে আলোচনা চলছে। তাঁরা হলেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের জন্য সেলিমা রহমান, নৌপরিবহন মন্ত্রণালয়ের জন্য আন্দালিব রহমান পার্থ, কৃষি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে শহিদুল ইসলাম বাবুল এবং ধর্ম প্রতিমন্ত্রী হিসেবে শামীম কায়সার লিংকন। তবে তাঁদের অন্তর্ভুক্তির বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। প্রধানমন্ত্রী চাইলে যেকোনো সময় এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। বর্তমান মন্ত্রিসভায় বড় রদবদলের সম্ভাবনা কম- আগামী ১৬ আগস্ট সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনার মেয়াদ শেষ হচ্ছে। পরদিন ১৭ আগস্ট বর্তমান সরকারের ছয় মাস পূর্ণ হবে। এ উপলক্ষে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকাণ্ড, মন্ত্রীদের কর্মদক্ষতা এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। তবে এই মূল্যায়নের ভিত্তিতে এখনই কোনো মন্ত্রীকে সরিয়ে দেওয়া বা বড় পরিসরে দপ্তর পুনর্বণ্টনের সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না বলে জানা গেছে। বরং যেসব মন্ত্রণালয়ের দায়িত্ব একজন মন্ত্রীর ওপর বেশি রয়েছে, সেগুলোতে নতুন দায়িত্ব বণ্টনের মাধ্যমে কাজের চাপ কমানোর বিষয়টি বিবেচনা করা হচ্ছে। সরকারের শুরুতে তুলনামূলক বড় পরিসরে মন্ত্রণালয় বণ্টন করা হয়েছিল। এর মধ্যে অর্থ ও পরিকল্পনা, মহিলা ও শিশু বিষয়ক ও সমাজকল্যাণ, শিল্প-বাণিজ্য-বস্ত্র ও পাট, কৃষি-মৎস্য ও প্রাণিসম্পদ এবং সড়ক-রেল-নৌপরিবহনসহ কয়েকটি মন্ত্রণালয়ের দায়িত্ব একাধিক বিভাগের সঙ্গে মিলিয়ে দেওয়া হয়েছে। এ কারণে প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল করতে এবং নীতিনির্ধারণে মন্ত্রীদের মনোযোগ বাড়াতে মন্ত্রিসভা সম্প্রসারণের বিষয়টি সামনে এসেছে। প্রথম ধাপে রদবদল নয়, হতে পারে সমন্বয়- সরকারের দায়িত্বশীল একটি সূত্র জানিয়েছে, মন্ত্রিসভায় কাউকে বাদ দেওয়ার মতো পরিস্থিতি এখনো তৈরি হয়নি। বরং ১৮০ দিনের কার্যক্রম পর্যালোচনা করে কোথায় ঘাটতি রয়েছে, তা চিহ্নিত করা হচ্ছে। এরপর প্রয়োজন অনুযায়ী দায়িত্ব পুনর্বণ্টন করা হতে পারে। অর্থাৎ, প্রথম ধাপে বড় ধরনের রদবদলের পরিবর্তে বর্তমান কাঠামো মোটামুটি ঠিক রেখে নতুন চারজনকে যুক্ত করার সম্ভাবনাই বেশি। মন্ত্রিসভার এক প্রভাবশালী সদস্য জানিয়েছেন, ১৮০ দিনের কর্মসূচি শেষ হওয়ার পর মন্ত্রণালয়গুলোর জমা দেওয়া প্রতিবেদন মূল্যায়ন করা হবে। এরপর প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। একাধিক মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মন্ত্রীদের কাজের চাপ কমাতে নতুন করে দায়িত্ব দেওয়ার বিষয়টিও আলোচনায় রয়েছে। বর্তমান মন্ত্রিসভার দায়িত্ব- প্রধানমন্ত্রী তারেক রহমান বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগের দায়িত্বে রয়েছেন। বর্তমান মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী ছাড়াও ২৫ জন পূর্ণমন্ত্রী ও ২৪ জন প্রতিমন্ত্রী দায়িত্ব পালন করছেন। পাশাপাশি উপদেষ্টা ও বিশেষ সহকারীরাও সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে দায়িত্ব পালন করছেন। পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ বলেন, সরকারের ১৮০ দিনের কর্মসূচির মূল্যায়ন হবে। ভবিষ্যতে মন্ত্রিসভায় কোনো পরিবর্তনের প্রয়োজন হলে প্রধানমন্ত্রী নিজস্ব বিবেচনায় সিদ্ধান্ত নেবেন এবং তাঁর সিদ্ধান্তকে তাঁরা স্বাগত জানাবেন। সরকারের প্রথম ছয় মাসের কার্যক্রম মূল্যায়নের পর মন্ত্রিসভায় বড় পরিবর্তনের বদলে সীমিত পরিসরে সম্প্রসারণের সম্ভাবনাই আপাতত বেশি বলে সংশ্লিষ্ট সূত্রগুলোর বক্তব্যে উঠে এসেছে।

আগৈলঝাড়া ও মেহেন্দিগঞ্জে

পুকুর থেকে তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মদ মাসুদ খান বলেন, পরিবারের কোনো অভিযোগ না থাকায় শিশুটির মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। অন্যদিকে, মেহেন্দিগঞ্জ উপজেলার লতা ইউনিয়নের চর সোনাপুর গ্রামে পুকুরে ডুবে মারা গেছে আড়াই বছরের শিশু সাফোয়ান। সে ওই গ্রামের মো. সফিকুল ইসলামের ছেলে। পারিবারিক সূত্র জানায়, শুক্রবার সকাল সোয়া ১০টার দিকে বাড়ির উঠানে খেলছিল সাফোয়ান। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে স্বজনেরা খোঁজাখুঁজি শুরু করেন। পরে বাড়ির সামনের পুকুর থেকে তাকে উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তোফাজ্জেল হোসেন তাকে মৃত ঘোষণা করেন। কাজীরহাট থানার ওসি মো. সিদ্দিকুর রহমান বলেন, পানিতে ডুবে শিশুটির মৃত্যু হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

মৃত্যুবার্ষিকীতে বাবাকে স্মরণ করে

দেওয়া মাসুদ সাঈদীর এ আবেগঘন স্ট্যাটাসটি সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁর অনুসারীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। উল্লেখ্য, আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদী ২০২৩ সালের ১৪ আগস্ট রাতে রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। পরে পিরোজপুরে তাঁর প্রতিষ্ঠিত আল্লামা সাঈদী ফাউন্ডানে তাঁকে দাফন করা হয়।

মাছ-মাংসের দাম আগের মতোই

সপ্তাহে ২০০ টাকা কেজি বিক্রি হলেও বর্তমানে ১৯০ থেকে ১৯৫ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। তবে সোনালি, হাইব্রিড ও লেয়ার মুরগির দামে তেমন পরিবর্তন নেই। সোনালি ৩২০ থেকে ৩৪০ টাকা, হাইব্রিড ২৯০ থেকে ৩০০ টাকা এবং লেয়ার মুরগি ৩৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস আগের মতোই ৮০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। মাছের বাজারেও বড় ধরনের পরিবর্তন দেখা যায়নি। বিক্রেতাদের মতে, কোনও কোনও মাছের দাম একদিনে ২০ থেকে ৩০ টাকা কমলেও পরদিন আবারও বেড়ে যাচ্ছে। ফলে বাজারে মাছের দাম স্থির থাকছে না। বর্তমানে পাঙাশ প্রতিকেজি ২৩০ টাকা, তেলাপিয়া ২৬০ টাকা, চিংড়ি মানভেদে ৮০০ থেকে ৯০০ টাকা, পাবদা ৩৫০ থেকে ৪০০ টাকা, বড় রুই ৪৫০ থেকে ৫০০ টাকা এবং ট্যাংরা ৭০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এ ছাড়া ভেটকি ৪০০ থেকে ৫৫০ টাকা, মৃগেল ২৫০ থেকে ৩০০ টাকা, বাইন ৬০০ থেকে ৮০০ টাকা, দেশি কৈ ৭০০ থেকে ৮০০ টাকা, চাষের কৈ ৩০০ টাকা, পোয়া ২৬০ টাকা এবং শোল ৭০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। আকারভেদে চাষের শিং মাছ ৩০০ থেকে ৪৫০ টাকা এবং মাঝারি আকারের রুই ৩০০ থেকে ৩৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। রূপচাঁদা, শোল ও নদীর বেলে মাছ কিনতে গুনতে হচ্ছে হাজার টাকার বেশি। বাজারের মাছ বিক্রেতা মনিরুল ইসলাম বলেন, 'বাজারে মাছের দাম বাড়ার মূল কারণ হলো সরবরাহ ও চাহিদার ওঠানামা। আড়ত থেকে যে দামে মাছ কিনে আনছি, তার ওপর নির্ভর করেই খুচরা দাম নির্ধারণ করতে হচ্ছে। কিছু মাছের দাম কমলেও তেলাপিয়া, পাঙাশ ও দেশি মাছের দামে এখনও ক্রেতাদের স্বস্তি নেই।' বাজার করতে আসা তুহিন মিয়া বলেন, 'ডিম ও ব্রয়লার মুরগির দাম কিছুটা কমলেও মাছের দামে তেমন স্বস্তি নেই। এককে দিন এককে দামে মাছ বিক্রি হচ্ছে। কয়েক মাস আগের তুলনায় পাঙাশ ও তেলাপিয়ার দামও বেড়েছে। সবজির দাম কিছুটা কমায় স্বস্তি পেয়েছি, তবে শিম, টমেটো ও গাজরের মতো কয়েকটি সবজির দাম এখনও বেশি। সব মিলিয়ে বাজারে পুরোপুরি স্বস্তি ফেরেনি।' অন্যদিকে, টানা বৃষ্টির কারণে কয়েক সপ্তাহ আগে বেড়ে যাওয়া সবজির দাম এখন কমতে শুরু করেছে। বাজারে বেশিরভাগ সবজি ৬০ থেকে ৮০ টাকা কেজির মধ্যে বিক্রি হচ্ছে। তবে শিমের মৌসুম এখনও শুরু না হওয়ায় এটি সর্বোচ্চ ২০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এ ছাড়া টমেটো ও গাজরের মতো কয়েকটি সবজির সরবরাহ কম থাকায় ১২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। বর্তমানে পটোল ৭০ টাকা, শসা ৬০ টাকা, করলা ৮০ টাকা, বরবটি ৮০ টাকা, ধুন্দুল ৬০ টাকা, ঝিঙা ৮০ টাকা ও চিচিঙ্গা ৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। গোল বেগুন ৮০ টাকা, কাঁকরোল ৮০ টাকা, গাজর ১২০ টাকা, পেঁপে ৪০ টাকা, ঢ্যাঁড়স ৬০ টাকা, শিম ২০০ টাকা, কাঁচা মরিচ ১২০ টাকা, টমেটো ১২০ টাকা, কচু ৮০ টাকা, মিষ্টি কুমড়া ৬০ টাকা, মুলা ৮০ টাকা এবং কচুর লতি ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। কাঁচা কলা ৪০ টাকা হালি এবং লাউ ৬০ টাকা পিস দরে বিক্রি হচ্ছে। সবজি বিক্রেতা সিরাজুল ইসলাম বলেন, 'গত দুই-তিন সপ্তাহের তুলনায় বর্তমানে সবজির বাজার অনেকটাই কমেছে। তখন দাম বেশি থাকায় অনেক ক্রেতাই প্রয়োজনের তুলনায় কম পরিমাণ করে সবজি কিনতেন। এখন অধিকাংশ সবজি ৬০ থেকে ৮০ টাকা কেজির মধ্যে বিক্রি হচ্ছে। তবে শিমের মৌসুম শুরু না হওয়ায় এর দাম ২০০ টাকা। আর টমেটো ও গাজর মৌসুমি না হওয়ায় ১২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। আবহাওয়া অনুকূলে থাকলে এবং বাজারে সরবরাহ স্বাভাবিক থাকলে সবজির দাম আরও কিছু দিন এই পর্যায়েই থাকবে।' বাজারে সরকারি চাকরিজীবী রনি মিয়া বলেন, 'আগের তুলনায় সবজির দাম এখন অনেকটাই কম। বেশিরভাগ সবজি ৬০ থেকে ৮০ টাকার মধ্যে পাওয়া যাচ্ছে। তবে শিম ২০০ টাকা এবং টমেটো, গাজরসহ কয়েকটি সবজি ১২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। তারপরও সামগ্রিকভাবে সবজির বাজার আগের চেয়ে কিছুটা স্বস্তিদায়ক মনে হচ্ছে।'

ভারত সঠিক পথে না এলে পাকিস্তান

ইসলামাবাদে 'ইয়াদগার-ই-ফাতাহ' বা বিজয় স্মৃতিস্তম্ভ উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন। শাহবাজ শরিফ বলেন, পাকিস্তান শান্তি চায়। তবে শান্তির আকাঙ্ক্ষাকে দুর্বলতা হিসেবে বিবেচনা করা উচিত নয়। তিনি বলেন, ভারতকে সঠিক পথে ফিরতে হবে। তা না হলে তাকে সরাসরি জবাব দেওয়া হবে। একই সঙ্গে তিনি আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার জন্য পাকিস্তানের আগ্রহের কথাও তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতা দিবসে পুরো জাতি বিজয় স্মৃতিস্তম্ভের ছায়ায় দাঁড়িয়ে উদ্?যাপন করছে। 'মারকা-ই-হক'-এ সাফল্যের জন্য তিনি পাকিস্তানের জনগণকে শ্রদ্ধা জানান। তিনি বলেন, স্মৃতিস্তম্ভটি পাকিস্তানের সশস্ত্র বাহিনীর শ্রেষ্ঠত্বের প্রতীক। এই সাফল্যের মধ্য দিয়ে পুরো জাতির মধ্যে আবেগের 'সাগর' তৈরি হয়েছে। পাকিস্তানের সেনাপ্রধান ও চিফ অব ডিফেন্স ফোর্সেস ফিল্ড মার্শাল সৈয়দ আসিম মুনির এবং সশস্ত্র বাহিনীর প্রশংসা করে শাহবাজ বলেন, তাদের সাফল্যে পাকিস্তানের জনগণের মাথা উঁচু হয়েছে এবং প্রতিপক্ষকে 'লজ্জাজনক পরাজয়' বরণ করতে হয়েছে। বিজয় স্মৃতিস্তম্ভ নির্মাণে ফিল্ড মার্শাল মুনির ও তার দলকে অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, অনন্য নকশার এই স্মৃতিস্তম্ভ মাত্র আট মাসে নির্মাণ করা হয়েছে। শাহবাজ শরিফ বলেন, পাকিস্তান আঞ্চলিক স্থিতিশীলতার প্রতীক হিসেবে আত্মপ্রকাশ করেছে। একই সঙ্গে দেশের তরুণ প্রজন্মের জন্য নতুন সুযোগ তৈরির প্রতিশ্রুতিও দেন তিনি। বিশ্বকে নতুন সংঘাত থেকে রক্ষা করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরে তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতায় পাকিস্তান ভূমিকা পালন করেছে। পাকিস্তান ও ভারতের মধ্যে যুদ্ধবিরতি প্রতিষ্ঠায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভূমিকার কথাও উল্লেখ করেন শাহবাজ। ভবিষ্যতে পাকিস্তান ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক আরও শক্তিশালী হবে বলে আশা প্রকাশ করেন তিনি। 'মক্কা জয়েন্ট ডিফেন্স অ্যাগ্রিমেন্ট' প্রসঙ্গে তিনি বলেন, তুরস্কও এই চুক্তির অংশ হয়েছে। তার মতে, এটি মধ্যপ্রাচ্যে শান্তির প্রতীক। ফিলিস্তিনি জনগণের অধিকার প্রতিষ্ঠায় পাকিস্তানের সমর্থন অব্যাহত থাকবে বলেও জানান তিনি। একই সঙ্গে কাশ্মীর ইস্যুতে ইসলামাবাদের অবস্থান স্পষ্ট বলে উল্লেখ করে বলেন, কাশ্মীরিদের আত্মত্যাগ বৃথা যেতে দেওয়া হবে না। আফগানিস্তানের ভূখণ্ড যেন সন্ত্রাসী কর্মকাণ্ডে ব্যবহার না হয়, সে বিষয়ে আফগান সরকারকে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান পাকিস্তানের প্রধানমন্ত্রী। তিনি বলেন, ঐক্যবদ্ধ জাতিকে কোনো শক্তিই পরাজিত করতে পারে না। কেউ যেন পাকিস্তানের দিকে শত্রুতাপূর্ণ দৃষ্টিতে তাকানোর সাহস না করে। শাহবাজ বলেন, আমরা সবাই পাকিস্তানের উত্তরাধিকারী। আমাদের মতপার্থক্য যেন শত্রুতায় পরিণত না হয়।

যুক্তরাজ্যের নতুন নাম 'ইসলামিক

সম্প্রতি যুক্তরাজ্যের গণমাধ্যমে ইসরায়েলকে যেভাবে উপস্থাপন করা হচ্ছে তার সমালোচনা করতে গিয়ে এ মন্তব্য করেন নেতানিয়াহু। বৃহস্পতিবার (১৩ আগস্ট) প্রচারিত ইসরায়েলি পডকাস্ট (Melech Blitzer Haim)এ কথা বলার সময় নেতানিয়াহু এই মন্তব্য করেছেন বলে সংবাদ প্রকাশ করেছে আল-জাজিরা। ওই পডকাস্টে ১৯৬৭ সালের ছয় দিনের যুদ্ধ নিয়ে মন্তব্য করেন নেতানিয়াহু। ওই যুদ্ধে ইসরায়েল সম্পর্কে ইতিবাচক প্রতিবেদন প্রকাশকারী ব্রিটিশ লেখক র‍্যান্ডলফ চার্চিলের উদাহরণ তুলে ধরে নেতানিয়াহু বলেন, সে সময় ব্রিটিশ সংবাদমাধ্যমে ইসরায়েল সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি দেখা যেত। এরপর ব্যঙ্গাত্মকভাবে তিনি বলেন, আজকের ব্রিটেনে সেটি খুঁজে দেখুন-আপনি একে ইসলামিক রিপাবলিক অব ব্রিটেন বলতে পারেন। এছাড়া, মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্সের ২০২২ সালের একটি মন্তব্যের কথাও উল্লেখ করেছেন নেতানিয়াহু। ভ্যান্স তখন মন্তব্য করেছিলেন, যুক্তরাজ্য হয়ত বিশ্বের প্রথম পারমাণবিক অস্ত্রধারী ইসলামপন্থি দেশ হয়ে উঠতে পারে। নেতানিয়াহু বলেন, কেউ একজন বলেছিলেন, পারমাণবিক অস্ত্রধারী প্রথম ইসলামিক প্রজাতন্ত্র হবে ইসলামিক রিপাবলিক অব ব্রিটেন। এরপর ইরানকে ইঙ্গিত করে তিনি বলেন, আমরা নিশ্চিত করছি যে এখানে (ইরানে) আরেকটি এমন দেশ থাকবে না। পডকাস্টে নেতানিয়াহুর এমন মন্তব্যের তীব্র সমালোচনা করেছে ব্রিটিশ ও আইরিশ ইহুদি সম্প্রদায়ের একটি সংগঠন। মুভমেন্ট ফর প্রোগ্রেসিভ জুডাইসম-এর যৌথ প্রধান রাবাই চার্লি বাগিনস্কি ও রাবাই জোশ লেভ বলেন, ব্রিটেনে যখন ইহুদিবিদ্বেষ, মুসলিমবিদ্বেষ ও সামাজিক বিভাজন মানুষের মধ্যে বাস্তব ভয় তৈরি করছে, তখন এ ধরনের ভাষা বিপজ্জনক ও দায়িত্বজ্ঞানহীন। তারা আরও বলেন, প্রধানমন্ত্রী নেতানিয়াহু ব্রিটিশ ইহুদিদের প্রতিনিধিত্ব করেন না। তার বক্তব্য আমাদের প্রতিনিধিত্ব করে না। ঐতিহ্যগতভাবে ইসরায়েল ও যুক্তরাজ্যের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক থাকলেও ২০২৪ সালে প্রগতিশীল লেবার পার্টি যুক্তরাজ্যে ক্ষমতায় আসার পর থেকে দুই দেশের সরকারের মধ্যে উত্তেজনা বেড়েছে। লেবার পার্টির সাবেক প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সময় যুক্তরাজ্য ইসরায়েলের সঙ্গে মুক্ত বাণিজ্য আলোচনা স্থগিত করে এবং কিছু অস্ত্র রপ্তানি লাইসেন্স বন্ধ করে। এছাড়া ফ্রান্সের মতো যুক্তরাজ্যও ইসরায়েলি সরকারের কট্টর ডানপন্থি মন্ত্রী ইতামার বেন-গভির ও বেজালেল স্মোটরিচের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে। গত বছর ফ্রান্স ও কানাডাসহ কয়েকটি মিত্র দেশের সঙ্গে মিলে ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয় যুক্তরাজ্য।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ১৫ আগস্ট ২০২৬ ॥ ০১ ভাদ্র ১৪৩৩

যুক্তরাজ্যের নতুন নাম 'ইসলামিক রিপাবলিক অব ব্রিটেন': নেতানিয়াহু

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাজ্যকে কটাক্ষ করে 'ইসলামিক রিপাবলিক অব ব্রিটেন' হিসেবে উল্লেখ করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। ঐতিহাসিকভাবে ইসরায়েলের ঘনিষ্ঠ ইউরোপীয় মিত্র হিসেবে পরিচিত ছিল যুক্তরাজ্য। তবে ৩ এর পাতায় দেখুন

ভারত সঠিক পথে না এলে পাকিস্তান সরাসরি জবাব দেবে: শাহবাজ শরিফ

কীর্তনখোলা ডেস্ক

পানির প্রতিটি ফোঁটাকে 'রেড লাইন' বা সীমারেখা হিসেবে উল্লেখ করে ভারতকে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তিনি বলেছেন, ভারত সঠিক পথে ফিরে না এলে পাকিস্তান সরাসরি জবাব দেবে। ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা বা পটুয়াখালীতে এয়ারপোর্ট করার চেষ্টা করছি : নুরুল হক নুর

গলাচিপা প্রতিনিধি

কুয়াকাটা অথবা পটুয়াখালীতে এয়ারপোর্ট করার চেষ্টা করছি বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুর। তিনি বলেছেন, আমরা চেষ্টা করছি, কুয়াকাটা অথবা পটুয়াখালীতে একটা এয়ারপোর্ট তৈরির। সেখানে যাতে একটা অভ্যন্তরীণ ফ্লাইট চালু করা যায়। তাহলে মানুষের অনেক সুবিধা হবে। শুক্রবার (১৪ আগস্ট) বিকেলে জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে গলাচিপা উপজেলা কল্যাণ সমিতির উদ্যোগে আয়োজিত এক সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। নুরুল হক নুর বলেন, দায়িত্ব পাওয়ার পর প্রবাসীদের জন্য কিছু একটা করার চেষ্টায় আছি। আমাদের দেশে ১৮ কোটি মানুষের কর্মসংস্থান করা সম্ভব নয়। সেজন্য বৈদেশিক বাজার কীভাবে সম্প্রসারণ করা যায়, সেটা নিয়ে কাজ ৩ এর পাতায় দেখুন

মাছ-মাংসের দাম আগের মতোই সবজি-ডিমে কিছুটা স্বস্তি

কীর্তনখোলা ডেস্ক

বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে এখনও পুরোপুরি স্বস্তি ফেরেনি। মাছ ও মাংসের দাম প্রায় আগের অবস্থাতেই রয়েছে। তবে গত সপ্তাহের তুলনায় ডজনপ্রতি ডিমের দাম কমেছে ১০ টাকা। একই সঙ্গে টানা বৃষ্টিতে বাড়তে থাকা সবজির দামও দুই সপ্তাহ ধরে কমতে শুরু করেছে। বেশিরভাগ সবজি এখন ৬০ থেকে ৮০ টাকা কেজির মধ্যে বিক্রি হচ্ছে। তবে মৌসুম শুরু না হওয়ায় শিমসহ কয়েকটি সবজি এখনও চড়া দামে বিক্রি হচ্ছে। শুক্রবার (১৪ আগস্ট) নগরীর বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। সরেজমিন দেখা যায়, গত সপ্তাহে ১৫০ থেকে ১৫৫ টাকা ডজন বিক্রি হওয়া ডিম এখন ১৪০ টাকা ডজনে বিক্রি হচ্ছে। ব্রয়লার মুরগির দামও কিছুটা কমেছে। গত ৩ এর পাতায় দেখুন

মন্ত্রিসভায় যুক্ত হতে পারেন নতুন চার মুখ, আলোচনায় যারা

কীর্তনখোলা ডেস্ক

বিএনপি নেতৃত্বাধীন সরকারের প্রথম ছয় মাস পূর্ণ হতে যাচ্ছে আগামী ১৭ আগস্ট। সরকারের ১৮০ দিনের কার্যক্রম ও মন্ত্রীদের কর্মদক্ষতা মূল্যায়নের মধ্যেই মন্ত্রিসভায় সম্ভাব্য পরিবর্তন নিয়ে আলোচনা শুরু হয়েছে। তবে বড় ধরনের রদবদলের সম্ভাবনা কম বলে সরকারের একাধিক সূত্র জানিয়েছে। বর্তমান মন্ত্রিসভার কাঠামো অপরিবর্তিত রেখে কাজের গতি বাড়াতে সীমিত পরিসরে সম্প্রসারণের কথা ভাবা হচ্ছে। এর অংশ হিসেবে নতুন চারজনকে মন্ত্রিসভায় যুক্ত করার বিষয়টি আলোচনায় রয়েছে। সরকারের দায়িত্বশীল সূত্রের বরাতে জানা গেছে, একাধিক মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মন্ত্রীদের কাজের চাপ কমাতে নতুন মুখ যুক্ত করার চিন্তা করা ৩ এর পাতায় দেখুন

মৃত্যুবার্ষিকীতে বাবাকে স্মরণ করে আবেগঘন স্ট্যাটাস মাসুদ সাঈদীর

জিয়ানগর প্রতিনিধি

প্রয়াত আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদীকে স্মরণ করে আবেগঘন স্ট্যাটাস দিয়েছেন তাঁর ছেলে ও পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী। শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে নিজের ফেসবুক পেজে দেওয়া স্ট্যাটাসে মাসুদ সাঈদী লেখেন, "তুমি আছো হৃদয়ের কোন গহীনে, পথ চেয়ে থাকি প্রতিদিন প্রতিক্ষণে। কখনো বা বাতাসে তোমার সুবাস পাই, তুমি ছাড়া এ জীবনে আর কিছু নাই।" স্ট্যাটাসের সঙ্গে তিনি একটি আরবি দোয়াও উল্লেখ করেন যার অর্থ- 'হে আমার রব, তাঁদের প্রতি দয়া করুন, যেমন তাঁরা শৈশবে আমাকে লালন-পালন করেছেন।' বাবার স্মৃতিচারণ করে ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া ও মেহেন্দিগঞ্জে পুকুরে ডুবে দুই শিশুর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়া ও মেহেন্দিগঞ্জ উপজেলায় পৃথক ঘটনায় পুকুরের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (১৪ আগস্ট) সকালে এ দুটি দুর্ঘটনা ঘটে। আগৈলঝাড়া উপজেলার বাগধা গ্রামে মারা যাওয়া শিশুটির নাম আবু সাইদ। তার বয়স দুই বছর দুই মাস। সে বাগধা গ্রামের এনামুল হাওলাদারের ছেলে। আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক বদরুল আলম পরিবারের বরাত দিয়ে জানান, সকালে বাড়ির পাশে খেলছিল আবু সাইদ। একপর্যায়ে সবার অজান্তে সে পুকুরে পড়ে যায়। শিশুটিকে দেখতে না পেয়ে পরিবারের সদস্যরা খোঁজাখুঁজি শুরু করেন। পরে ৩ এর পাতায় দেখুন

উদ্ধারের পরও বাঁচানো গেল না যাত্রীছাউনিতে জন্ম নেওয়া নবজাতককে

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জ উপজেলায় রহমতপুর বাসস্ট্যান্ডের যাত্রীছাউনি থেকে উদ্ধার করা এক মানসিক ভারসাম্যহীন নারীর নবজাতক চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। উপজেলা প্রশাসন সংকটাপন্ন অবস্থায় শিশুকন্যাটিকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় দুপুর ১২টার দিকে শিশুটির মৃত্যু হয়। স্থানীয় ব্যবসায়ী ও প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার সকাল ৯টার দিকে রহমতপুর বাসস্ট্যান্ডের যাত্রীছাউনির ভেতর ওই মানসিক ভারসাম্যহীন নারী একটি সন্তান প্রসব করেন। প্রসবের পর উপযুক্ত পরিচর্যার অভাবে নবজাতকের শারীরিক অবস্থার দ্রুত অবনতি ৩ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চার শিশু মারা গেছে। এ নিয়ে হাম-সংক্রান্ত রোগে এখন পর্যন্ত মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯৪ জনে। শুক্রবার (১৪ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কারও মৃত্যু না হলেও সন্দেহজনক হামে চারজন মারা গেছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৯৯ জন এবং সন্দেহজনক হাম রোগে ৭৯৫ জনের প্রাণ গেছে। এছাড়া, নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৮৭ জনের। একই সঙ্গে নতুন সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৩ এর পাতায় দেখুন

শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধে শিক্ষা অফিসের নির্দেশ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধের নির্দেশ দেয়া হয়েছে। এ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে প্রতিষ্ঠান প্রধানদের দেয়া হয়েছে একগুচ্ছ নির্দেশনা। সম্প্রতি ভান্ডারিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের এক চিঠিতে এ নির্দেশনা জারি করা হয়। চিঠিটি উপজেলার সব স্কুল ও মাদ্রাসার প্রধানসহ সংশ্লিষ্টদের পাঠানো হয়েছে। চিঠিতে জানানো হয়, বিভিন্ন সোর্স থেকে জানা যাচ্ছে যে, এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার এক শ্রেণির শিক্ষকরা প্রাইভেট ৩ এর পাতায় দেখুন

বরিশাল থেকে চুরি হওয়া মোটরসাইকেল টুঙ্গিপাড়ায় উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল থেকে চুরি যাওয়া একটি ইয়ামাহা এফজেডএস ভি-৩ মোটরসাইকেল গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৩ আগস্ট) মধ্যরাতে উপজেলার পাটগাতী এলাকার একটি নির্জন স্থান থেকে মোটরসাইকেলটি উদ্ধার করা হয়। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করতে পারেনি পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বরিশালের বাসিন্দা মো. আরিফ (৪৮), পিতা মো. আ. মজিদ খান, মোটরসাইকেল চুরির ঘটনায় বাদী হয়ে গত ২৭ জুলাই বরিশাল চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে দণ্ডবিধির ৩৭৯ ধারায় মামলা করেন। মামলায় বরিশালের বন্দর থানার বাসিন্দা মো. রানা শরীফ (২৪), পিতা হালিম শরীফসহ চারজনকে আসামি করা হয়েছে। মামলাটি সিআর ১৩৭৩/২৭, কোতয়ালী থানা, বিএমপি হিসেবে নথিভুক্ত রয়েছে। মামলার তদন্তের সূত্র ধরে চুরি যাওয়া মোটরসাইকেল উদ্ধারে টুঙ্গিপাড়া থানা পুলিশ তৎপরতা ৩ এর পাতায় দেখুন

এনআইডি বদলে আত্মগোপনে থেকেও শেষ রক্ষা হলো না টিটুর

কীর্তনখোলা রিপোর্ট

জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) নাম-ঠিকানা পরিবর্তন করে দীর্ঘদিন আত্মগোপনে ছিলেন যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত আসামি মো. মনিরুজ্জামান ওরফে টিটু। কিন্তু শেষ রক্ষা হয়নি তার।

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানাধীন জলসিঁড়ি এলাকায় র‍্যাব-৮, বরিশাল এবং র‍্যাব-১১, নারায়ণগঞ্জের যৌথ দল বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেছে। গ্রেফতার মনিরুজ্জামান বরিশালের বানারীপাড়া উপজেলার ধারালিয়া গ্রামের মৃত আবুল কাশেমের ছেলে। র‍্যাব-৮ এর মিডিয়া অফিসার অতিরিক্ত পুলিশ সুপার কামরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ঢাকা মহানগরীর কাফরুল থানায় মাদকদ্রব্য ৩ এর পাতায় দেখুন

দেড় শ বছর ধরে টিকে আছে আটঘরের ডিঙি নৌকার হাট

নেছারাবাদ প্রতিনিধি

সারি সারি ডিঙি নৌকা বেঁধে রাখা হয়েছে খালের পাড়ে। খাল বেয়ে নৌকা নিয়ে হাটে আসছেন বিক্রেতারা। বড় নৌকা কিংবা ট্রলারে করেও হাটে আনা হচ্ছে আবহমান বাংলার অতি পরিচিত এ জলযান। ঢেউয়ের তালে তালে চলছে কেনাবেচা। এই চিত্র পিরোজপুরের নেছারাবাদ উপজেলার আটঘর খাল এলাকার। বর্ষা মৌসুমে খাল এলাকাজুড়ে ভাসমান হাট জমজমাট হয়ে ওঠে। এ খালে সপ্তাহের প্রতি শুক্রবার বসে ডিঙি নৌকার হাট। ৩ এর পাতায় দেখুন

'ত্রাণ নয়, টেকসই বেড়িবাঁধ' চান বরগুনার উপকূলবাসী

বরগুনা প্রতিনিধি

বরগুনার তালতলী, পাথরঘাটা, আমতলী, বেতাগী ও সদর উপজেলার নদী-সাগরঘেঁষা বিভিন্ন এলাকায় বাঁধের কোথাও ভাঙন, কোথাও ধস, কোথাও একেবারে বিলীন হয়ে যাওয়া, আবার কোথাও নিচু ও সরু হয়ে যাওয়ার চিত্র রয়েছে। স্থানীয়দের অভিযোগ, প্রতিবছর দুর্যোগের আগে ঝুঁকিপূর্ণ বাঁধে মাটি বা জিওব্যাগ ফেলে সাময়িক সংস্কার করা হয়। কিন্তু কিছুদিন পরই জোয়ার ও নদীভাঙনে তা আবার দুর্বল হয়ে পড়ে। উপকূলবাসীর ভাষ্য, এই চক্র আর তারা চান না। তাদের স্পষ্ট কথা- 'দুর্যোগের পর ত্রাণ নয়, দুর্যোগের ৩ এর পাতায় দেখুন

ইসলামী আন্দোলন

সরকারের ১৮০ দিনের পারফরম্যান্স আশাজাগানিয়া না

কীর্তনখোলা ডেস্ক

সরকারের ১৮০ দিনের পারফরম্যান্স আশাজাগানিয়া না বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলনের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, ফ্যাসিবাদের পতনের পরে বহু প্রত্যাশা জাগিয়ে এবং দায় নিয়ে এই সরকার দায়িত্ব গ্রহণ করেছিল। কিন্তু ১৮০ দিন অতিক্রান্ত হলেও সরকার আশাজাগানিয়া তেমন কিছু করতে পারেনি। শুক্রবার (১৪ আগস্ট) দুপুর ২টায় রাজধানীর উত্তর ভাটারাস্থ আস-সাঈদ মিলনায়তনে ইসলামী আন্দোলন ঢাকা মহানগর উত্তরের শুরার অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গাজী আতাউর রহমান বলেন, জুলাই সনদ বাস্তবায়নের জন্য ১৮০ দিনের যে বাধ্যবাধকতা ছিল ৩ এর পাতায় দেখুন

আমতলীতে মামলার সাক্ষীকে কুপিয়ে জখম

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে একটি মামলায় বাদীর বিরুদ্ধে স্বাক্ষী দেয়ায় স্বাক্ষী রেবেকা বেগমকে বাদী কামাল হাওলাদার চাপাতি দিয়ে কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। আহত রেবেকা বেগম এমন অভিযোগ করেছেন। গুরুতর আহত রেবেকাকে স্বজনরা উদ্ধার করে বরিশাল শেবাচিম ৩ এর পাতায় দেখুন

ইরানে নতুন হামলার প্রস্তাব মার্কিন সেন্টকমের

কীর্তনখোলা ডেস্ক

মার্কিন সংবাদমাধ্যমগুলোর বিভিন্ন প্রতিবেদনে ইরান যুদ্ধ বন্ধের ইঙ্গিত পাওয়া গেলেও নতুন হামলার সম্ভাবনা নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে ইসরায়েলি সংবাদমাধ্যম। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যমগুলো দাবি করেছিল যে, ইরানের নতুন করে সংঘাতের সম্ভাবনা হ্রাস পেয়েছে এবং গত কয়েক দিন ধরে মধ্যপ্রাচ্য অঞ্চলের সংঘাত থামাতে তীব্র চেষ্টা চালাচ্ছে যুক্তরাষ্ট্র। তবে, ইসরায়েলি সংবাদমাধ্যমগুলোতে ভিন্ন সংবাদ প্রকাশিত হচ্ছে। ইরানের ওপর চাপ বৃদ্ধির জন্য দেশটির তেল, গ্যাস ও বিদ্যুৎ স্থাপনাগুলোতে আবারও হামলা চালানোর জোর দাবি জানিয়েছেন মার্কিন সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম) প্রধান। বৃহস্পতিবার (১৩ আগস্ট) নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক রাজনৈতিক সূত্রের বরাত দিয়ে এ সংবাদ প্রকাশ করেছে ইসরায়েলি সংবাদমাধ্যম চ্যানেল ১৩। এই প্রতিবেদনে বলা হয়, নতুন পরিকল্পনার সাথে সম্পর্কিত আরেকটি অগ্রগণ্য পদক্ষেপ হচ্ছে মধ্যপ্রাচ্যে ড্রোন টাস্কফোর্স গঠন করা। বৃহস্পতিবার (১৩ আগস্ট) মধ্যপ্রাচ্যের বেশ কয়েকটি দেশের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে প্রথম বহুজাতিক আক্রমণাত্মক ড্রোন টাস্কফোর্স ৩ এর পাতায় দেখুন

দুর্বল হচ্ছে স্থল নিম্নচাপ বন্দরে ৩ নম্বর সংকেত বহাল

কীর্তনখোলা ডেস্ক

ভারতের পশ্চিমবঙ্গ উপকূল ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট স্থল নিম্নচাপটি ক্রমান্বয়ে দুর্বল হচ্ছে। তবে এর প্রভাবে সাগর উত্তাল থাকার শঙ্কায় দেশের চার সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত বহাল রয়েছে। শুক্রবার আবহাওয়া অধিদপ্তরের এক সতর্কবার্তায় এই তথ্য দেওয়া হয়েছে। অধিদপ্তরের আবহাওয়াবিদ ওমর ফারুক স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, পশ্চিমবঙ্গ উপকূল ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত স্থল নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে বর্তমানে ভারতের ঝাড়খণ্ড ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করছে। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে। তবে নিম্নচাপটির প্রভাবে সমুদ্রবন্দরগুলো, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে, বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com